ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৪০ ● কলকাতা ● ১৩ ভাদ্র, ১৪৩০ ● বৃহস্পতিবার ● ৩১ আগস্ট, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা





সাইফ আলি-পুত্রের ছবিতে দেখা যাবে কাজলকে — পৃঃ ৫





বিশ্বরেকর্ড গড়লেন বাবর আজম — পৃঃ ৬


## উঠছে অধীরের সাসপেনশন, সিদ্ধান্ত সংসদের প্রিভিলেজ কমিটির



**নয়াদিল্লি: নিউজ সারাদিন :** কংগ্রেস সাংসদ অধীর চৌধুরীর সাসপেনশন প্রত্যাহার হওয়ার মুখে। সূত্রের খবর, বুধবার সংসদের প্রিভিলেজ কমিটি অধীরের সাসপেনশন প্রত্যাহার করার সিদ্ধান্ত নিয়েছে। লোকসভার স্পিকারকে নিজেদের সিদ্ধান্ত সুপারিশ আকারে জানাবে প্রিভিলেজ কমিটি।বুধবার প্রিভিলেজ কমিটির বৈঠকে হাজিরা দেন কংগ্রেস সাংসদ।

সূত্রের খবর, অধীরের বক্তব্যে সন্তুষ্ট হয়ে তাঁর সাসপেনশন প্রত্যাহার করার সিদ্ধান্ত নেয় প্রিভিলেজ কমিটি। সেই সিদ্ধান্তই এবার সুপারিশ করা হবে স্পিকারকে। অর্থাত সব ঠিক থাকলে শীতকালীন অধিবেশনেই ফের সংসদে দেখা যাবে অধীরকে।উল্লেখ্য, গত ১০ আগস্ট সংসদে অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনার সময় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে 'নীরব মোদি' বলে কটাক্ষ করেছিলেন অধীর। লোকসভার কংগ্রেসের দলনেতার সেই মন্তব্যকে অসংসদীয় বলে দেগে দেন স্পিকার। তাঁকে সাসপেন্ড করা হয়। সেই সঙ্গে জানিয়ে দেওয়া হয় প্রিভিলেজ কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত না জানানো অবধি সাসপেন্ডেই থাকবেন অধীর।


গত ১৮ আগস্ট অধীরের সাসপেনশন নিয়ে প্রিভিলেজ কমিটির বৈঠকে প্রবল বাদানুবাদ হয়। কংগ্রেস, তৃণমূল, ডিএমকে-র মতো বিরোধী সাংসদরা কোনওরকম তলব না করেই অধীরের শাস্তি প্রত্যাহারের


এরপর ৩ পাতায়


## 'আগেই বলেছি, লাদাখ নিয়ে মিথ্যে বলছেন মোদি',

# চিনা ম্যাপ বিতর্কে তোপ রাহুলের





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নতুন ম্যাপ প্রকাশ করে ফের অরুণাচল প্রদেশকে নিজের বলে দাবি করেছে চিন ।শুধু তাই নয়, আকসাই চিনও তাদের বলে দাবি করছে বেজিং। ইতিমধ্যে চিনের 'দাদাগিরি' নিয়ে প্রতিক্রিয়া দিয়েছেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শংকর ।এই বিষয়ে সোমবার এস জয়শংকর বলেন, 'চিন ওদের ম্যাপে এমন ভূখণ্ডকে অন্তর্গত করেছে, যা আদৌ ওদের নয়। এটা ওদের পুরনো অভ্যাস। ভারতীয় ভূখণ্ডকে নিজেদের ম্যাপে ঢুকিয়ে দিলেই কিছু পরিবর্তন হয় না। আমাদের সরকার নিজেদের সীমান্ত সম্পর্কে সম্পূর্ণ ওয়াকিবহাল। আজগুবি দাবি করলেই অন্যের ভূখণ্ড ওদের হয়ে যাবে না।'কিন্তু মণিপুর-সহ আর পাঁচটি বিষয়ের মতোই মুখে কুলুপ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির । এই বিষয়ে কটাক্ষ করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী।

মোদিকে রাহুলের কটাক্ষ, অরুণাচলে সীমান্ত নিয়ে মোদি যে মিথ্যে বলে আসছেন চিনের প্রকাশিত মানচিত্র তার হাতেনাতে প্রমাণ। কর্ণাটকে দলীয় কর্মসূচিতে যোগ দিতে যাওয়ার আগে দিল্লি বিমানবন্দরে রাহুল বলেন, 'আমি বছরের পর বছর ধরে বলে আসছি যে প্রধানমন্ত্রী যা বলেছেন, লাদাখে এক ইঞ্চি জমি নষ্ট হয়নি, তা মিথ্যা। সমগ্র লাদাখ জানে যে চিন সীমা লঙ্ঘন করেছে। এই মানচিত্র সমস্যা খুবই গুরুতর. তারা জমি কেড়ে নিয়েছে। এ বিষয়ে প্রধানমন্ত্রীর কিছু বলা উচিত।'


উল্লেখ্য, ২৮ আগস্ট দেশের নতুন সরকারি ম্যাপ প্রকাশ করেছে চিন। সেখানে অরুণাচল প্রদেশকে নিজের বলে দাবি করেছে তারা। আকসাই চিনও তাদের বলে দাবি করছে বেজিং। শুধু তাই নয়, গোটা দক্ষিণ চিন সাগর ও তাইওয়ানকেও মূল চিনা ভূখণ্ডের অংশ হিসেবে দেখানো হয়েছে। ওই ম্যাপগুলিতে অরুণাচলকে 'দক্ষিণ তিব্বত' বলে দাবি করেছে চিন। এবং তা চিনের অবিচ্ছেদ্য অঙ্গ বলেও দাবি করছে চিনা বিদেশমন্ত্রক।


## সংখ্যালঘুদের স্কলারশিপে জালিয়াতি, বাংলা-সহ ২১ রাজ্যে অভিযানে সিবিআই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের প্রতি বছর মোটা অঙ্কের টাকা স্কলারশিপ বাবদ দিয়ে থাকে কেন্দ্রীয় সরকারের সংখ্যালঘু মন্ত্রক । সেই প্রকল্পে বড় ধরনের জালিয়াতি ধরা পড়েছে। বুধবার দেশের ২১টি রাজ্যে এই জালিয়াতি নিয়ে তদন্ত শুরু করেছে সিবিআই।সংখ্যালঘু মন্ত্রক সূত্রে বলা হয়েছে, জুলাই মাসে বিষয়টি সিবিআইকে জানানো হয়। সিবিআই প্রাথমিক নথিপত্র খতিয়ে দেখে বুধবার তল্লাশি অভিযান শুরু করেছে। তবে পশ্চিমবঙ্গে কোন কোন এলাকায় সিবিআই এই জালিয়াতি নিয়ে তদন্ত চালাচ্ছে তা জানা যায়নি।সংখ্যালঘু মন্ত্রক সূত্রে খবর, তাদের প্রাথমিক তদন্তে প্রায় ৮৪০টি অস্তিত্বহীন প্রতিষ্ঠানের সন্ধান মিলেছে, যেগুলি ভুয়ো পড়ুয়ার তালিকা পেশ করে মোটা অঙ্কের টাকা স্কলারশিপ বাবদ তুলে নিয়েছে।

সংখ্যালঘু মন্ত্রকের ওই স্কলারশিপ পেয়ে থাকে মুসলিম, খ্রিষ্টান, শিখ, জৈন ও বৌদ্ধ ধর্মাবলম্বী পড়ুয়ারা। নরেন্দ্র মোদী সরকার ২০১৭ সালে এই স্কলারশিপ স্কিম চালু করে। গত বছর স্কিমের পাঁচ বছর পূর্তি উপলক্ষে প্রকল্পের অগ্রগতি যাচাই করতে একটি বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ ভাবে সংখ্যালঘু মন্ত্রক সমীক্ষার কাজ শুরু করে। সেই সমীক্ষাতেই জানা যায় অসংখ্য ভুয়ো সংস্থা তৈরি করে টাকা আত্মসাত করা হয়েছে। সবচেয়ে বেশি অর্থ আত্মসাত করেছে বিজেপি শাসিত উত্তরপ্রদেশ ও অসমের জালিয়াতেরা। তবে ভুয়ো সংস্থা বাংলায় বেশি।

# তাপ বাড়ছে ধূপগুড়িতে!

## দু'দিনের প্রচারে গেলেন শুভেন্দু, শনিবারই অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ধূপগুড়ি উপনির্বাচনের প্রচারে বুধবার দু'দিনের উত্তরবঙ্গ সফরে গেলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আজ, বুধবার ও আগামিকাল বৃহস্পতিবার উত্তরবঙ্গে জনসভা, রোড শো সহ একাধিক রাজনৈতিক কর্মসূচি রয়েছে শুভেন্দুর। এদিন সকালের বিমানে বাগডোগরা পৌঁছন তিনি। বাগডোগরা বিমানবন্দরের তাঁকে স্বাগত জানান স্থানীয় বিজেপি নেতৃত্ব।আগামী শনিবার ধূপগুড়িতে দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে যাচ্ছেন তৃণমূল কংগ্রেসের সেকেন্ড ইন কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়ও। পরের দিন রবিবার ফের ধূপগুড়িতে শুভেন্দু অধিকারী প্রচারে যাবেন বলে বিজেপি সূত্রের খবর।ধূপগুড়ির বিজেপি বিধায়ক বিষ্ণুপদ রায়ের আকস্মিক প্রয়াণে আগামী ৫ সেপ্টেম্বর উপনির্বাচন হচ্ছে ধূপগুড়িতে। ধূপগুড়ি আসনটি ধরে রাখার ব্যাপারে আশাবাদী গেরুয়া শিবির। অন্যদিকে, শাসকদল তৃণমূল কংগ্রেসও বিজেপির থেকে আসনটি ছিনিয়ে নেওয়ার ব্যাপারে বদ্ধপরিকর। চলছে জোর প্রচারও।

এদিন বিকেলে ধূপগুড়ি কলেজ সংলগ্ন এলাকায় রোড শো করার কথা বিরোধী দলনেতা শুভেন্দুর। সন্ধেয় দুরামারি চন্দ্রকান্ত স্কুল ময়দানে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা। আগামিকাল বৃহস্পতিবারও জোড়া কর্মসূচি রয়েছে তাঁর।ধূপগুড়ির উপ নির্বাচনে বিজেপির প্রার্থী হয়েছেন তাপসী রায়। গত ১৫ অগাস্ট পুলওয়ামা হামলায় শহিদ জগন্নাথ রায়ের সহধর্মিনীকে প্রার্থী ঘোষণা করে গেরুয়া শিবির। ধূপগুড়ি উপনির্বাচন শাসকদল তৃণমূল এবং বিজেপির কাছে রীতিমতো প্রেস্টিজ ফাইট। একদিকে আসন ধরে রাখার ব্যাপারে মরিয়া পদ্ম শিবির। আর অন্যদিকে বিজেপির থেকে আসন ছিনিয়ে নিয়ে বিধানসভায় তাদের সংখ্যা বাড়ানোই প্রধান লক্ষ্য তৃণমূলের।

# যাদবপুরের হস্টেলে পুলিশকে

## বাধা দেওয়ার মামলায় তিন জনেরই জামিন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যাদবপুরের ছাত্র মৃত্যুর ঘটনায় পুলিশকে বাধা দেওয়ার মামলায় জামিন পেলেন তিন অভিযুক্ত। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী জয়দীপ ঘোষ এবং দুই সিনিয়র ছাত্রের বিরুদ্ধে এই অভিযোগ ছিল। অভিযুক্তদের আইনজীবী জানিয়ছেন, এই মামলায় তিনজনকেই জামিন দিয়েছে আদালত। তবে জামিন পেলেও জেল থেকে মুক্তি পাবেন শুধু জয়দীপ।বুধবার এই মর্মেই যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওই দুই ছাত্র এবং এক প্রাক্তনীর জামিনের আবেদন করেছিলেন আইনজীবীরা। তাদের যুক্তি ছিল, অভিযুক্তরা পুলিশের সঙ্গে সহযোগিতা করছেন। তাঁদের বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে, তার কোনও প্রমাণও মেলেনি। তাই জামিন দেওয়া হোক। শুনানি শেষে আদালত অভিযুক্তদের পক্ষেই রায় দেয়। ফলে পুলিশকে বাধা দেওয়ার মামলায় গ্রেফতার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী জয়দীপ ছাড়া পান। কিন্তু দীপশেখর এবং মনোতোষের নাম যেহেতু ছাত্র মৃত্যুর ঘটনার মূল মামলার সঙ্গে জড়িত। তাই সেই মামলায় জামিন না হওয়া পর্যন্ত তাঁদের হেফাজতেই থাকতে হবে।বাকিদের এখনও থাকতে হবে পুলিশ হেফাজতেই।

যাদবপুরের ছাত্র মৃত্যুর ঘটনায় পুলিশের কাজে বাধা দেওয়ার ঘটনায় গ্রেফতার যাদবপুরের প্রাক্তনী জয়দীপকে আদালতে পেশ করা হয় বুধবার। পাশাপাশি, ছাত্র মৃত্যুর ঘটনায় গ্রেফতার যাদবপুরের দুই পড়ুয়া দীপশেখর দত্ত এবং মনতোষ ঘোষকেও এই একই মামলায় আদালতে তোলা হয়। পুলিশের কাজে বাধা দেওয়ার মামলায় অভিযুক্তদের আইনজীবীরা যুক্তি দেন, পুলিশ জানিয়েছে, তারা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ঢুকতে বাধা

এরপর ৩ পাতায়

# সদ্য বাজারে আসা ওয়ানপ্লাস নর্ড স্মার্টফোন ও

## হিয়ারেবলের জন্য আকর্ষণীয় অফার সামনে এল

**Kolkata, 30th August 2023 : নিউজ সারাদিন :** আন্তর্জাতিক মোবাইল প্রযুক্তি ব্র্যান্ড, ওয়ানপ্লাস, গত মাসে ওয়ানপ্লাস সামার লঞ্চ ইভেন্টে নর্ড ডিভাইসের বহু প্রতীক্ষিত নতুন রেঞ্জ প্রকাশ করল - ওয়ানপ্লাস নর্ড 3 5G, ওয়ানপ্লাস নর্ড সিই 3 5G ও ওয়ানপ্লাস নর্ড বাডস 2r, যেগুলির মাধ্যমে তাদের নর্ড ইকোসিস্টেম আরও সম্প্রসারিত হল। এই স্মার্টফোনগুলির প্রতিটিতেই অত্যাবশ্যকীয় কাজগুলির সাথে কোন আপস না করে, ইন্ডাস্ট্রির তুলনায় সাশ্রয়ী মূল্যে হাই-পারফর্মেন্স ফিচার রয়েছে। ওয়ানপ্লাস নর্ড 3 5G হল সর্বকালের সর্বাধিক শক্তিশালী ওয়ানপ্লাস নর্ড স্মার্টফোন, এতে আছে চটজলদি পারফর্মেন্সের সাথে দুর্দান্ত ফটোগ্রাফি আর এক সুন্দর ও কালজয়ী ওয়ানপ্লাস ডিজাইন। অন্যদিকে, ওয়ানপ্লাস নর্ড কোর এডিশন পরিবারের নবতম - ওয়ানপ্লাস নর্ড সিই 3 5G-তে একজন ব্যবহারকারীর চাওয়া সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবস্থা ও আরও অনেক কিছু আছে, এতকিছুর সাথেও দাম রয়েছে সাধ্যের মধ্যেই। নর্ড সিই 3 5G, ক্রেতাদের প্রিয় প্রযুক্তি ও ওয়ানপ্লাস ব্যবহারের অভিজ্ঞতাকে আরও বেশী ব্যবহারকারীর কাছে উপলব্ধ ও ব্যবহারযোগ্য করতে চাইছে।

ওয়ানপ্লাস নর্ড 3 5G ছাড়াও ওয়ানপ্লাস নতুন ওয়ান প্লাস নর্ড বাডস 2r প্রকাশ করেছে। এর অসাধারণ বেস পারফর্মেন্স ও ঝঞ্ঝাটহীন স্থায়িত্বের সাথে আসা ইয়ারবাডগুলি, বর্তমানে বাজারে থাকা টিডাব্লিউএস ইয়ারবাডগুলির মধ্যে দাম অনুযায়ী অন্যতম সেরা।

**ওয়ানপ্লাস নর্ড 3 5G**

ওয়ানপ্লাস নর্ড 3 5G এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে ব্যবহারকারীরা তাদের স্মার্টফোনে খোঁজা সমস্ত কিছুই এতে পেয়ে যেতে পারেন। মাত্র 33,999 টাকা থেকে শুরু হওয়া এবং 15ই জুলাই থেকে সেলের ছাড় থাকা এই স্মার্টফোন, সর্বকালের সর্বাধিক শক্তিশালী ওয়ানপ্লাস নর্ড স্মার্টফোন, এতে আছে চটজলদি পারফর্মেন্সের সাথে দুর্দান্ত ফটোগ্রাফি আর এক সুন্দর ও কালজয়ী ওয়ানপ্লাস ডিজাইন, যা পাওয়া যাবে মিস্টি গ্রিন অথবা টেম্পেস্ট গ্রে-তে। 6.74 ইঞ্চি 120Hz অ্যামোলেড স্ক্রিনের সাথে, ওয়ানপ্লাস নর্ড 3 5G যেকোন জায়গাতেই নজর কাড়বে আর এতে আছে 93.5% স্ক্রিন টু বডি রেশিও ও মাত্র 1.46 মিমির সাইড বেজেল। আর হ্যাঁ, এতে একটি অ্যালার্ট স্লাইডারও আছে।

ওয়ানপ্লাসের অন্যতম সেরা এই ফোনটিতে রয়েছে মিডিয়াটেক ডাইমেনসিটি 9000 চিপসেট এবং 16GB পর্য—LPDDR5X র‍্যাম, অর্থাৎ ওয়ানপ্লাস নর্ড 2T 5G এর তুলনায় 42.9% ভালো সিপিইউ পারফর্ম্যান্স এবং 58.6% বেশী জিপিইউ পারফর্ম্যান্স, সেইসঙ্গে একই সময়ে 44টি অ্যাপ সক্রিয় থাকবে। এবং এটির 5000 এমএএইচ ব্যাটারির সৌজন্যে ওয়ানপ্লাস নর্ড 3 5G আরও বেশী সময় ধরে কাজ করে যেতে পারবে - যেটি ওয়ানপ্লাস নর্ড 2T এর তুলনায় 10% বড়। 80W SUPERVOOC চার্জিং ও ওয়ানপ্লাসের ব্যাটারি হেলথ ইঞ্জিন প্রযুক্তির সৌজন্যে, ওয়ানপ্লাস নর্ড 3 5G 1600টি চার্জিং সাইকেল পর্যন্ত অত্যন্ত দ্রুত ও নিরাপদভাবে চার্জ হবে।

ওয়ানপ্লাস নর্ড 3 5G এর পিছনে সেই একই ইমেজিং হার্ডওয়্যার রয়েছে যা এই বছরের শুরুতে বাজারে আসা জনপ্রিয় ওয়ানপ্লাস 11 5G-এ দেখা গিয়েছিল, এর 50 মেগাপিক্সেল সোনি IMX890 সেন্সর ও ওয়ানপ্লাসের গড়ে তোলা অ্যালগোরিদমের সাথে প্রতিবার দুর্দান্ত ছবি পাওয়া যায়। সবশেষে, ওয়ানপ্লাস নর্ড 3 5G OxygenOS 13.1 এর সাথে লঞ্চ হচ্ছে, যা হল ওয়ানপ্লাসের অপারেটিং সিস্টেমের সাম্প্রতিকতম সংস্করণ, এটি OxygenOS 12 এর তুলনায় অ্যাপ্লিকেশনের ব্যাটারি ব্যয় 40% কমায় ও 15% দ্রুত অ্যাপ ইন্সটল করে।

**ওয়ানপ্লাস নর্ড সিই 3 5G**

ওয়ানপ্লাস নর্ড সিই 3, সেরা স্মার্টফোনগুলিতে থাকা প্রযুক্তিকে সবার কাছে নিয়ে এসেছে।

ওয়ানপ্লাস নর্ড সিই 3 5G-তে রয়েছে কোয়ালকম স্ন্যাপড্রাগন 782G প্রসেসর, যা শক্তিশালী পারফর্ম্যান্স ও নিরবচ্ছিন্ন পাওয়ার ম্যানেজমেন্টের মধ্যে সঠিক ভারসাম্য বজায় রাখে। এই ডিভাইসে 12GB পর্যন্ত র‍্যাম রয়েছে, ফলে এক দ্রুত, মসৃণ কাজের অভিজ্ঞতা পাওয়া যায়, যা সাধারণত বাজারের সেরা ফোনগুলি দিয়ে থাকে, ফলে ওয়ানপ্লাস নর্ড সিই 3 সহজেই একই সময়ে 24টি পর্যন্ত অ্যাপকে সক্রিয় রাখতে পারে। এই সবকিছুই করা সম্ভব হয় একটি বড় 5000 এমএএইচ ব্যাটারি ও 80 ওয়াটের SUPERVOOC চার্জিং-এর সৌজন্যে, যার মাধ্যমে ব্যবহারকারী মাত্র 15 মিনিটের মধ্যে সারা দিনের চার্জ দিয়ে ফেলতে পারেন।

ওয়ানপ্লাস নর্ড সিই 3 এর 93.4% স্ক্রিন টু বডি রেশিওর সাথে এক অত্যাধুনিক ডিজাইন রয়েছে আর এই ডিজাইনের বিশেষত্ব ফোনের পিছনেও দেখা যায়, অ্যাকোয়া সার্জ ও গ্রে শিমার- এই দুটি রঙের মধ্যে। উভয় রঙের মডেলেই ক্যামেরার চারিপাশে স্টেইনলেস ষ্টীল রয়েছে, যা প্রসারিত পোর্ট্রেট ধরে নেওয়ার ক্ষমতা যুক্ত 50 মেগাপিক্সেলের সোনি IMX890 প্রসেসরকে সুরক্ষিত রাখে।

**দাম ও উপলব্ধতা**

ওয়ানপ্লাস নর্ড সিই 3 5G দুই ধরণের হয় - 8GB+128GB এর স্মার্টফোনটি 26,999 টাকায় পাওয়া যায় এবং 12GB+128GB এর স্মার্টফোনটি 28,999 টাকায় পাওয়া যাবে, দুটি ফোনই amazon.in, oneplus.in, ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর, অফলাইন পার্টনার ও ওয়ানপ্লাস স্টোর অ্যাপ থেকে কেনা যাবে।

ওয়ানপ্লাস নর্ড 3 5G দুই ধরণের হয় - 8GB+128GB এর স্মার্টফোনটি 33,999 টাকায় পাওয়া যাবে এবং 16GB+256GB এর স্মার্টফোনটি 37,999 টাকায় পাওয়া যাবে, দুটি ফোনই amazon.in, oneplus.in, ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর, অফলাইন পার্টনার ও ওয়ানপ্লাস স্টোর অ্যাপ থেকে কেনা যাবে।

**অফার**

● আইসিআইসিআই ব্যাঙ্ক ক্রেডিট কার্ড, ক্রেডিট ইএমআই ও ডেবিট কার্ড ইএমআই ব্যবহারকারীরা OnePlus.in, ওয়ানপ্লাস স্টোর অ্যাপ, ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর ও Amazon.in থেকে ওয়ানপ্লাস নর্ড 3 5G কিনলে তৎক্ষণাৎ 1000 টাকার ছাড় পাবেন। এই অফারের বৈধতা 1লা থেকে 31শে আগস্ট, 2023 পর্যন্ত থাকবে

● ওয়ানকার্ড ক্রেডিট কার্ড ও ইএমআই ব্যবহারকারীরা OnePlus.in, ওয়ানপ্লাস স্টোর অ্যাপ, ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর ও Amazon.in থেকে ওয়ানপ্লাস নর্ড 3 5G কিনলে তৎক্ষণাৎ 1000 টাকার ছাড় পাবেন। এই অফারের বৈধতা 1লা থেকে 31শে আগস্ট, 2023 পর্যন্ত থাকবে

● 1লা থেকে 31শে আগস্ট, 2023 পর্যন্ত, নির্দিষ্ট কিছু ব্যাঙ্কের সাথে ওয়ানপ্লাস নর্ড 3 5G কেনার সময় ব্যবহারকারীরা OnePlus.in, ওয়ানপ্লাস স্টোর অ্যাপ, ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর ও Amazon.in থেকে 9 মাসের পর্যন্ত নো-কস্ট ইএমআই লাভ করতে পারবেন। 31শে আগস্ট, 2023 পর্যন্ত ওয়ানপ্লাস নর্ড 3 5G এর জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক, সিটি, এইচডিএফসি ব্যাঙ্ক, আইসিআইসিআই ব্যাঙ্ক, এসবিআই কার্ড ও ওয়ানকার্ড এবং অ্যামাজন পে-তে (অ্যামাজনে প্রযোজ্য) 6 মাসের পর্যন্ত নো-কস্ট ইএমআই পাওয়া যাবে।

● এছাড়া যেসব ব্যবহারকারী 1লা সেপ্টেম্বর থেকে ওয়ানপ্লাস নর্ড 3 5G কেনা শুরু করতে চান, তাদের জন্য ইএমআই ট্রানজেকশনের ক্ষেত্রে অ্যাক্সিস ব্যাঙ্ক ও সিটি ক্রেডিট ও ডেবিট কার্ড এবং সমস্ত ওয়ানকার্ড ট্রানজেকশনের ক্ষেত্রে OnePlus.in, ওয়ানপ্লাস স্টোর অ্যাপ, ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর ও Amazon.in 2000 টাকা ছাড় দেবে। এই অফার 1লা সেপ্টেম্বর থেকে লাভ করা যাবে।

● ওয়ানপ্লাস নর্ড সিই 3 5G কিনলে, ইএমআই ট্রানজেকশনের ক্ষেত্রে অ্যাক্সিস ব্যাঙ্ক ও সিটি ক্রেডিট ও ডেবিট কার্ড এবং সমস্ত ওয়ানকার্ড ট্রানজেকশনের ক্ষেত্রে OnePlus.in, ওয়ানপ্লাস স্টোর অ্যাপ, ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর ও Amazon.in 1000 টাকা তৎক্ষণাৎ ছাড় দেবে। এই অফার 1লা সেপ্টেম্বর থেকে লাভ করা যাবে। এক্ষেত্রেও অ্যাক্সিস ব্যাঙ্ক, সিটি, এইচডিএফসি ব্যাঙ্ক, আইসিআইসিআই ব্যাঙ্ক, এসবিআই কার্ড ও ওয়ানকার্ডের সাথে ৬ মাসের পর্যন্ত নো-কস্ট ইএমআইয়ের সুবিধা লাভ করা যাবে।

**ওয়ানপ্লাস নর্ড বাডস 2r**

12.4 মিমির অতিরিক্ত বড় ড্রাইভারের সাথে, ওয়ানপ্লাস নর্ড বাডস 2r, সমৃদ্ধ ও পুঙ্খানুপুঙ্খ শব্দ শোনায় যা ব্যবহারকারীর প্রিয় সঙ্গীতে বিশেষ মাত্রা যোগ করে, সেইসঙ্গে ডুয়াল মাইক ও এআই ক্লিয়ার অ্যালগোরিদম নিখুঁতভাবে পারিপার্শ্বিক কোলাহল বাদ দিয়ে স্পষ্টভাবে মানুষের গলার আওয়াজ তুলে ধরে, ফলে ফোনে বলা কথা একদম পরিষ্কারভাবে শোনা যায়।

স্থায়িত্বও ওয়ানপ্লাস নর্ড বাডস 2r এর একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। এক অভূতপূর্ব দীর্ঘস্থায়ী ব্যাটারি, IP55 জল ও ঘাম প্রতিরোধ ক্ষমতা এবং ব্যবহার করার জন্য আরামদায়ক ডিজাইনের সাথে, এই ইয়ারবাড কঠোর ওয়ার্কআউট ও প্রকৃতি অভিযান অনায়াসেই সহ্য করে নিতে পারে। একটানা সংযুক্ত থাকার উপর জোর দেওয়ার জন্য, ওয়ানপ্লাস নর্ড বাডস 2r ব্লুটুথ 5.3 সাপোর্ট করে, যাতে সংযোগ মজবুত ও স্থিতিশীল থাকে। নিরবচ্ছিন্ন অভিজ্ঞতা দেওয়ার জন্য ডিজাইন করা এই ইয়ারবাড পারফর্মেন্সের সাথে আপস না করে সবথেকে সক্রিয় জীবনযাত্রাতেও সমানভাবে কাজ করে যায়।

**ওয়ানপ্লাস নর্ড বাডস 2**

ওয়ানপ্লাস নর্ড বাডস 2 হল প্রথম নর্ড টিডাব্লিউএস যা অ্যাকটিভ নয়েজ ক্যানসেলেশন (এএনসি) সাপোর্ট করে এবং এক প্রভাবপূর্ণ বেস ও অডিও কোয়ালিটিতে ভীষণ সুস্পষ্টতা দেয়। BassWave™ এনহ্যান্সমেন্টের সাথে, ওয়ানপ্লাস নর্ড বাডস 2, অডিওকে তার আসল মানের সাথে ও উন্নত বেসের সাথে শোনায়। এতে আছে 12.4 মিমির অতিরিক্ত বড় এনহ্যান্সমেন্ট ড্রাইভার ইউনিট যা বেসের মান আরও বাড়ায়। 25dB ডেপথ ও ডুয়াল কোর প্রসেসরের সাথে এক নিমগ্ন অভিজ্ঞতা দেওয়ার জন্য, ওয়ানপ্লাস নর্ড বাডস 2 সহজাত অ্যাক্টিভ নয়েজ ক্যানসেলেশন ফিচারের মাধ্যমে পারিপার্শ্বিক কোলাহল কমায়। শান্তি ও নিস্তব্ধতা বজায় রাখার জন্য, ওয়ানপ্লাস নর্ড বাডস ২ ব্যবহারকারীকে ট্রান্সপ্যারেন্সি মোডের সুবিধা দেয়, যার ফলে ব্যবহারকারী বাইরের শব্দ ও পারিপার্শ্বিক আওয়াজ শোনার সাথেই গান শুনে যেতে পারেন।

ব্যালান্সড, সেরেনেড, বেস ও বোল্ড সহ বিভিন্ন মডেলের মধ্যে থেকে ব্যবহারকারী নিজের পছন্দমত সাউন্ড কোয়ালিটি বেছে নিতে পারবেন। ওয়ানপ্লাস নর্ড বাডস 2 এর অভূতপূর্ব ব্যাটারি লাইফ ব্যবহারকারীর পক্ষে সুবিধাজনক হয় ও বাডগুলিকে দীর্ঘস্থায়ী বানায়। একবার সম্পূর্ণ চার্জ দিলে কেসের সাথে 7 ঘণ্টা ও চার্জিং কেসের সাথে 36 ঘণ্টা পর্যন্ত ব্যাটারি বজায় থাকে। অ্যাকটিভ নয়েজ ক্যানসেলেশন অফ থাকলে, মাত্র 10 মিনিট চার্জ দিয়ে 5 ঘণ্টা পর্যন্ত ব্যবহার করা যায়। সার্টিফায়েড IP55 রেটিং-এর সাথে ধুলো ও জলের মধ্যেও টেকসই থাকে।

**দাম ও উপলব্ধতা**

ওয়ানপ্লাস নর্ড বাডস 2r দুটি রঙে পাওয়া যায়: ডিপ গ্রে ও ট্রিপল ব্লু, দাম শুরু হয় 2,199 টাকা থেকে। ওয়ানপ্লাস নর্ড বাডস 2r oneplus.in , ওয়ানপ্লাস স্টোর অ্যাপ, অসধুড়হ.রহ , Flipkart.com , Myntra.com , ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর ও নির্দিষ্ট কিছু পার্টনার ষ্টোরে পাওয়া যায়। অন্য দিকে, ওয়ানপ্লাস নর্ড বাডস 2 থান্ডার গ্রে ও লাইটনিং হোয়াইট রঙে পাওয়া যায়, দাম 2,999 টাকা।

**অফার**

● ওয়ানকার্ড ব্যবহারকারী এবং আইসিআইসিআই ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ইএমআই ও নেটব্যাঙ্কিং ব্যবহারকারীরা, OnePlus.in, ওয়ানপ্লাস স্টোর অ্যাপ, ওয়ানপ্লাস এক্সপিরিয়েন্স স্টোর, Amazon.in ও Flipkart.com থেকে ওয়ানপ্লাস নর্ড বাডস 2 ও নর্ড বাডস 2r কেনার সময় তৎক্ষণাৎ 200 টাকার ছাড় পাবেন। এই অফার 1লা থেকে 31শে আগস্ট, 2023 পর্যন্ত বৈধ থাকবে।

# মহারাজ আবার কবে মুখ্যমন্ত্রী হয়ে যায়.',

## এবার সরাসরি যোগীকে নিশানা বরুণ গান্ধীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খাতায়কলমে তিনি এখনও বিজেপির সাংসদ। কিন্তু দিনদিন নিজের কাজেকর্মে বরুণ গান্ধী বুঝিয়ে দিচ্ছেন, বিজেপিতে আর মন নেই তাঁর। নিজের দলকে এর আগে একাধিকবার আক্রমণ করেছেন। এবার সরাসরি উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথকে নিশানা করলেন সেরাজ্যেরই পিলভিট কেন্দ্রের সাংসদ বরুণ।উল্লেখ্য, গত বছরখানেক ধরেই কেন্দ্রের বিরুদ্ধে আক্রমণাত্মক হতে দেখা গিয়েছে বরুণকে। বিজয় মালিয়া থেকে ঋষি আগরওয়াল, একপর এক দেশ ছেড়ে পালানো শিল্পপতিদের সম্পর্কে ক্ষোভ উগরে দিয়েছিলেন তিনি। সেই সঙ্গে ঋণের বোঝায় দেশে আত্মহত্যার সংখ্যা বাড়ছে বলেও দাবি করেছিলেন। গত নভেম্বরে কৃষি আইন প্রত্যাহারের ঘোষণার পরে প্রধানমন্ত্রীর উদ্দেশে লেখা খোলা চিঠিতেও বরুণ জানিয়েছিলেন, 'আগেই যদি এই সিদ্ধান্ত নিতেন, তবে এতগুলো নিরীহ প্রাণ যেত না।' সরব হয়েছিলেন লখিমপুরের আন্দোলনকারী কৃষকদের মর্মান্তিক মৃত্যু নিয়েও। বেকারত্ব নিয়েও তিনি খোঁচা দিয়েছেন আগে। এবার বিঁধলেন খোদ যোগীকেই। রাজনৈতিক মহলের একাংশের ধারণা, বিজেপি থেকে বেরনোর পথ সুগম করছেন সঞ্জয় গান্ধীর পুত্র।আসলে সোমবার নিজের লোকসভা কেন্দ্রে সাধু-সন্তদের নিয়ে একটি সমাবেশ করেন বরুণ। সেখানে তাঁর সঙ্গে কথা বলার সময় এক আশ্রমের মোহন্তের মোবাইল ফোন বেজে ওঠে। বরুণের অনুগামীরা ওই মোহন্তকে ফোন বন্ধ করার নির্দেশ দেন। কিন্তু বরুণ সঙ্গে সঙ্গে বলে বসেন,'ওকে জোর করবেন না। বলা যায় না মহারাজ আবার কবে রাজ্যের মুখ্যমন্ত্রী হয়ে যাবে। তখন আমাদের কী হবে?'

বিজেপি সাংসদের এই মন্তব্যের ভিডিও সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে। সরাসরি যোগীর নাম না নিলেও এই 'মহারাজের মুখ্যমন্ত্রী হয়ে যাওয়া যে আসলে যোগীকেই খোঁচা দেওয়া সেটা দিনের আলোর মতোই পরিষ্কার। কারণ মুখ্যমন্ত্রী হওয়ার আগে যোগীও গোরক্ষপুর মঠের প্রধান মহারা ছিলেন। এমনকী মুখ্যমন্ত্রী হওয়ার পরও সেই পদে বহাল ছিলেন তিনি।

১-ম পাতার পর

# উঠছে অধীরের সাসপেনশন, সিদ্ধান্ত সংসদের প্রিভিলেজ কমিটির

দাবি জানান। তাঁদের যুক্তি ছিল, ইতিমধ্যেই যা শাস্তি পাওয়ার পেয়ে গিয়েছেন অধীর। ফলত তাকে আর প্রিভিলেজ কমিটিতে তলব করার প্রয়োজন নেই। পালটা বিজেপি সাংসদরা যুক্তি দেন, যেহেতু প্রিভিলেজ কমিটিতে বিষয়টি এসেছে, ফলে অভিযুক্তের বক্তব্য না শুনে কোন সিদ্ধান্ত নেওয়া যাবে না। শেষমেশ বুধবার বহরমপুরের সাংসদকে প্রিভিলেজ কমিটির সামনে হাজিরা দিতে বলা হয়।

## নীরজের থেকে বেশি সোনা আছে আমার স্ত্রীর কাছে",

# সত্যিই কী বলেছেন অভিষেক? প্রকাশ্যে আসল তথ্য




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বর্তমানে পশ্চিমবঙ্গজুড়ে ব্যাপক দুর্নীতির অভিযোগ উঠেছে। এমনকি এই দুর্নীতির দায়ে জেলে রয়েছেন তৃণমূলের প্রাক্তন মহাসচিব তথা প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় । এছাড়াও তৃণমূলের বিধায়ক মানিক ভট্টাচার্য ও জীবন কৃষ্ণ সাহাও এই দুর্নীতির দায়ে জেলে রয়েছেন ।বিষয়টি নিয়ে গবেষণা করার পর পাই যে, যেই ছবিটি সোশ্যাল মিডিয়ায় ঘুরে বেড়াচ্ছে, তা সত্য নয়। সম্পূর্ণ ভুয়ো এবং এডিটিং করা। আসলে ছবিটির আসল ক্যাপশন ছিল 'র‍্যাগিং মুক্ত ক্যাম্পাস অঙ্গীকার, আমরা সিসিটিভি লাগাবই।" সম্প্রতি যাদবপুরে ছাত্রমৃত্যু এবং বাম মনস্কা পড়ুয়াদের সিসিটিভি না লাগাতে দেওয়ার দাবির পরই অভিষেক এই মন্তব্য করেছিলেন। কিন্তু এক শ্রেণির মানুষ তা বিকৃতি করে নিজের মতো করে প্রচার করছেন। এই ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়ার পর নড়েচড়ে বসেছে তৃণমূল নেতৃত্ব। এমন ভুয়ো খবর ছড়ানোর বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারিও দেওয়া হয়েছে। তাদের সবারই নাম জড়িয়েছে নিয়োগ কেলেঙ্কারিতে।

এছাড়াও আর্থিক কেলেঙ্কারি, গরু পাচারের অভিযোগে জেল খাটছেন তৃণমূলের দোর্দণ্ডপ্রতাপ নেতা অনুব্রত মণ্ডল । ওদিকে বীরভূমের বেতাজ বাদশা বলে খ্যাত অনুব্রতর একমাত্র মেয়ে সুকন্যাও আর্থিক কেলেঙ্কারি মামলায় তিহার জেলে বন্দি। বর্তমানে দুর্নীতি এবং আর্থিক কেলেঙ্কারির একের পর এক অভিযোগে বিধ্বস্ত তৃণমূল কংগ্রেস। আর এরই মধ্যে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে নিয়ে বর্তমানে একটি ছবি সোশ্যাল মিডিয়ায় তুমুল হারে ভাইরাল হচ্ছে।

বলে দিই যে, দু'দিন আগে খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তৃণমূলের ছাত্র পরিষদের সভা থেকে বলেছিলেন যে, তাঁকে কেউ মেসেজ করে বলেছেন অভিষেক গ্রেফতার হবে। যদিও, এমন কিছু ED বা CBI-র তরফ থেকে ছড়ানো হয়নি। গোটাটাই বিরোধীদের চক্রান্ত বলে আখ্যা দিয়েছেন তিনি। আর এরই মধ্যে অভিষেককে নিয়ে সোশ্যাল মিডিয়ায় আরও একটি ছবি ভাইরাল হচ্ছে।

কী বলা আছে সেই ভাইরাল ছবিতে? বলে দিই, সম্প্রতি ভারতের সোনার ছেলে নামে খ্যাত নীরজ চোপড়া ফের জ্যাভলিনে সোনা জিতেছেন। আর তাঁকে গোটা দেশই শুভেচ্ছা জানাচ্ছে। আর সেই নীরজের সোনা জয় নিয়েই এবার অভিষেককে বদনাম করার চেষ্টা চলছে বলে অভিযোগ তৃণমূলের। ভাইরাল ছবিতে দেখা যাচ্ছে যে, অভিষেক বলছেন 'নীরজ চোপড়া আজ অবধি যত সোনার মেডেল জিতেছে, তাঁর চেয়ে বেশি সোনা আমার বৌ ব্যাগে নিয়ে ঘোরে।" এই ছবিটি বাংলার এক জনপ্রিয় সংবাদ মাধ্যমের বলে দাবি করা হচ্ছে।

## বিজ্ঞানের ক্ষেত্রে কর্মরত প্রতিটি মানুষই বিজ্ঞানের সেবক: ডলি সিনহা



**ডাঃ জ্যোতি ঝা, সিনিয়র সাংবাদিক : দারভাঙ্গা, ৩০ আগস্ট ২০২৩ (এজেন্সি) : নিউজ সারাদিন :** ললিত নারায়ণ মিথিলা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডলি সিনহা বলেছেন যে বিজ্ঞানের ক্ষেত্রে কর্মরত প্রত্যেক ব্যক্তিই বিজ্ঞানের সেবক এবং তার সেবা শুধুমাত্র মানুষের উন্নতি ও উন্নয়নের জন্য। এটি সমগ্র প্রকৃতির সংরক্ষণ এবং প্রচারের জন্য নয়।

গতকাল এখানে জাতীয় শিশু বিজ্ঞান কংগ্রেসের জেলা পর্যায়ের কর্মশালার উদ্বোধনকালে ড. সিনহা বলেন যে ডক্টর জগদীশ চন্দ্র বসু এবং মহান বিজ্ঞানী বিক্রম সারাভাই বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নে পূর্ণ সেবার মনোভাব নিয়ে নিবেদিত ছিলেন এবং তারা সব কিছু বিজ্ঞানসম্মতভাবে দিয়েছিলেন। গবেষণা। জন্য নিবেদিত তিনি মিথিলা অঞ্চলের জনগণকে বিজ্ঞান গবেষণাগার নির্মাণ ও উন্নয়নে উদারভাবে অনুদান দেওয়ার জন্য অনুরোধ জানান, যাতে আধ্যাত্মিক গবেষণার জন্য বিখ্যাত মিথিলা অঞ্চলও বিজ্ঞান ও বৈজ্ঞানিক গবেষণার কেন্দ্র হিসেবে নিজের পরিচয় প্রতিষ্ঠা করতে পারে।

স্বাস্থ্য, পুষ্টি এবং সুস্থতার প্রচারের পক্ষে, অধ্যাপক ড. এম নেহাল বলেন, আজকাল আমাদের পরিবর্তিত জীবনযাত্রার কারণে অনেক রোগ দেখা দিচ্ছে। এর ধারাবাহিকতায় তিনি অনেক উদাহরণ পেশ করে বলেন, জীবনযাত্রা, খাদ্যাভ্যাস ও জীবনযাত্রায় পরিবর্তন আনলেই এ ধরনের রোগ প্রতিরোধ করা সম্ভব।

ইকোসিস্টেম এবং স্বাস্থ্যের জন্য সামাজিক ও সাংস্কৃতিক অনুশীলন এবং বাস্তুতন্ত্র এবং স্বাস্থ্যের জন্য প্রযুক্তিগত উদ্ভাবন নিয়ে আলোচনা করার সময় প্রখ্যাত শিক্ষাবিদ অধ্যাপক ড. বিদ্যানাথ ঝা বলেন, আমাদের উৎসব, প্রথা ও ঐতিহ্যও কোনো না কোনোভাবে পরিবেশ সুরক্ষা, স্বাস্থ্য ও কল্যাণের সঙ্গে জড়িত।

এই ধারাবাহিকতায় ডাঃ ঝা বট, পিপল, সাইকামোর ইত্যাদি অনেক গাছ সম্পর্কে আলোচনা করেন এবং বলেন যে পরিবেশ সুরক্ষায় তাদের অবদান চমৎকার। তিনি আসাম ও মেঘালয়ের বস শিল্প, কলার ডাঁটা থেকে তৈরি ফাইবার, পদ্মের ডাঁটা/আঙুষ্ঠ থেকে তৈরি ফাইবার, মাখানার খোসা, লিচুর কার্নেল রিসাইক্লিং থেকে তৈরি উপাদান নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে আরও অনেক বক্তা বক্তব্য রাখেন।

## প্রধানমন্ত্রী শিশুদের সঙ্গে

# রাখি বন্ধন উদযাপন করেছেন



**নতুন দিল্লি, ৩০ আগস্ট, ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ৭ নম্বর লোককল্যাণ মার্গে শিশুদের সঙ্গে রাখি বন্ধন উদযাপন করেছেন। শিশুরা প্রধানমন্ত্রীর হাতে রাখি পরিয়ে দেয়। তাদের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন প্রধানমন্ত্রী। শিশুরা সম্প্রতি চন্দ্রযান-৩ -এর সাফল্যে তাদের সদর্থক অনুভূতি ভাগ করে নেয় এবং আসন্ন আদিত্য এল-১ মিশনের বিষয়ে তাদের উৎসাহ প্রকাশ করেছে। কথা বলার সময় শিশুরা প্রধানমন্ত্রীকে কবিতা এবং গান শোনায়। শিশুদের কথা শুনে মুগ্ধ হয়ে প্রধানমন্ত্রী তাদের জনসাধারণের সুবিধার্থে সরকারি প্রকল্প সহ বিভিন্ন বিষয়ে কবিতা লেখার জন্য উৎসাহিত করেন। আত্মনির্ভরতার গুরুত্ব ব্যাখ্যা করে প্রধানমন্ত্রী শিশুদের ভারতের তৈরি পণ্য ব্যবহারের পরামর্শ দেন।

একাধিক শিক্ষার্থী তাদের শিক্ষকদের সঙ্গে এই উৎসব উদযাপনে অংশ নেয়। অসরকারি সংগঠনের প্রতিনিধি, বৃন্দাবনের বিধবা এবং অন্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## মন্ত্রক রাজ্যগুলিকে স্পষ্ট জানিয়েছে,

# সুবিধাভোগীদের আধার নম্বর পেশের জন্য অনুরোধ করা হবে, কিন্তু এর জন্য তাদের কাজ বাতিল করা যাবে না

**নয়াদিল্লি, ৩০ অগাস্ট, ২০২৩ : নিউজ সারাদিন :** কেন্দ্রীয় সরকারের এটা নজরে এসেছে যে, সুবিধাভোগীদের ঘন ঘন ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর পরিবর্তন করা এবং সেই নতুন অ্যাকাউন্ট নম্বর ঠিক সময়ে আপডেট না করার কারণে বহু ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাঙ্ক মজুরি দিতে অস্বীকার (পুরনো অ্যাকাউন্ট নম্বরে) করছে। সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের সঙ্গে পরামর্শ করে দেখা গেছে, এ ধরনের প্রত্যাখ্যান এড়ানোর সেরা উপায় হল, আধার পেমেন্ট ব্রিজ সিস্টেম (এপিবিএস), যেখানে ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফার (ডিবিটি)-এর মাধ্যমে মজুরি প্রদান করা হয়। এই পদ্ধতি সুবিধাভোগীদের সঠিক সময়ে তাঁদের মজুরি পেতে সহায়ক হবে।

প্রকল্পের ডাটাবেসে একবার আধার নম্বর আপডেট করা হলে, জায়গা পরিবর্তন কিংবা ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর বদল হলেও, সুবিধাভোগীকে অ্যাকাউন্ট নম্বর আপডেট করতে হয় না। আধার নম্বর সংযুক্তির ফলে সুবিধাভোগীর অ্যাকাউন্টে সরাসরি টাকা পৌঁছে যায়। যদি সুবিধাভোগীর একাধিক অ্যাকাউন্ট থাকে (মনরেগা প্রকল্পে যা বিরল), তবে সুবিধাভোগীর একটি অ্যাকাউন্ট নম্বর বেছে নেওয়ার সুযোগ থাকছে। ন্যাশনাল পেমেন্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া (এনপিসিআই)-র পরিসংখ্যান অনুযায়ী, আধার নম্বর সংযুক্ত ডিবিটি-র ক্ষেত্রে সাফল্যের হার ৯৯.৫৫ শতাংশ বা তার বেশি। আধার ভিত্তিক পেমেন্টের ক্ষেত্রে এই সাফল্যের হার প্রায় ৯৮ শতাংশ। এপিবিএস ব্যবস্থা প্রকৃত সুবিধাভোগীকে তাদের প্রাপ্য টাকা পেতে সাহায্য করছে এবং সেই সঙ্গে ভুয়ো সুবিধাভোগীদের নিয়ে দুর্নীতি প্রতিরোধের ক্ষেত্রে এটি হাতিয়ার হয়ে উঠেছে। আধার-ভিত্তিক পেমেন্ট সিস্টেম (এবিপিএস)-এর অগ্রগতি পর্যালোচনা এবং মজুরি প্রদানের যৌথ ব্যবস্থা (এনএসিএইচ ও এবিপিএস রুট) ৩১ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত বা পরবর্তী নির্দেশ জারি না হওয়া পর্যন্ত বাড়ানো হয়েছে। সেইসঙ্গে মন্ত্রক রাজ্যগুলিকে স্পষ্ট জানিয়ে দিয়েছে, সুবিধাভোগীদের আধার নম্বর পেশের জন্য অনুরোধ করা হবে, কিন্তু এর জন্য তাদের কাজ বাতিল করা যাবে না। এবিপিএস-এর জন্য উপযুক্ত নয়, এই কারণ দেখিয়ে কোনও শ্রমিকের জব কার্ড বাতিল করা যাবে না। মহাত্মা গান্ধী এনআরইজিএস প্রকল্পের অধীনে ২০১৭ সাল থেকে এপিবিএস চালু রয়েছে। দেশের মানুষের প্রায় সবার আধার নম্বর থাকায়, কেন্দ্রীয় সরকার এখন সুবিধাভোগীদের এবিপিএস ব্যবস্থার আওতায় এনেছে। এর ফলে এবিপিএস-এর সঙ্গে যুক্ত অ্যাকাউন্টে সরাসরি টাকা পৌঁছে যাবে, সেইসঙ্গে নিরাপদ এবং অনেক দ্রুততার সঙ্গে টাকা অ্যাকাউন্টে পৌঁছে যাবে। ১৪.৩৩ কোটি সক্রিয় সুবিধাভোগীর মধ্যে ১৩.৯৭ কোটির আধার রয়েছে। এদের মধ্যে ১৩.৩৪ কোটির আধার নম্বর যাচাই করা হয়েছে। বর্তমানে ৮১.৮৯ শতাংশ কর্মী এবিপিএস-এর জন্য যোগ্য বিবেচিত হয়েছেন। এ বছরের জুলাই মাসে এবিপিএস-এর মাধ্যমে ৮৮.৫১ শতাংশের মজুরি প্রদান করা হয়েছে। মহাত্মা গান্ধী নারেগা প্রকল্পটি প্রয়োজনভিত্তিক এবং এর সঙ্গে বিভিন্ন আর্থিক বিষয়ও জড়িত। সুবিধাভোগীদের কথা বিবেচনা করে টাকা প্রদানের ক্ষেত্রে এবিপিএস পদ্ধতিকেই সেরা হিসেবে বেছে নেওয়া হয়েছে। আধার ভিত্তিক পেমেন্ট ব্যবস্থায় সুবিধাভোগীর অ্যাকাউন্টে টাকা প্রদান করা হয়।

২ পাতার পর

# যাদবপুরের হস্টেলে পুলিশকে বাধা দেওয়ার মামলায় তিন জনেরই জামিন

পেয়েছিল ৯ অগস্ট রাতে। যদি পুলিশ দায়িত্ব পালনে বাধা পেয়েই থাকে তবে সেই অভিযোগে মামলা করতে তাদের ৭২ ঘণ্টার বেশি সময় লাগল কেন? পুলিশ তার আগে কী করছিল? সরকারি আইনজীবী এ প্রশ্নের জবাব দিতে পারেননি। বদলে তিনি আরও একটি অভিযোগ আনেন।সরকার পক্ষের কৌঁসুলী সৌরীন ঘোষাল আদালতকে জানান, পুলিশকে শুধু হস্টেলে ঢুকতেই বাধা দেওয়া হয়নি, যে হাসপাতালে ওই আহত ছাত্রের চিকিৎসা চলছিল, সেখানেও ঢুকতে দেওয়া হয়নি তাদের। কিন্তু এই যুক্তিও খাটেনি। সরকারি আইনজীব বলেছিলেন, সেদিন যদি পুলিশকে বাধা না দেওয়া হয় তা হলে হয়ত বাঁচানোও যেতে পারত ওই ছাত্রকে। সরকারি আইনজীবীর এই মন্তব্য নিয়েও প্রশ্ন তোলেন অভিযুক্তদের আইনজীবীরা। বুধবার আদালতে জয়দীপের পক্ষে হাজির ছিলেন আইনজীবী বিপ্লব গোস্বামী। এ ছাড়া দীপশেখরের হয়ে আইনজীবী সৌম্যশুভ্র রায় এবং মনোতোষের পক্ষে আইনজীবী ওমি হক সওয়াল করেন। পুলিশ ওই ছাত্রকে বাঁচাতে পারত শুনে তাঁরা বলেন, ''পুলিশকে আটকানোর সঙ্গে চিকিতসার কী সম্পর্ক। এতে চিকিতসায় তো কোনও বাধা হতে পারে না!"

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৪০ সংখ্যা ৩১ আগস্ট, ২০২৩ বৃহস্পতিবার ১৩ ভাদ্র, ১৪৩০

## সম্পাদকীয়

# তদন্তে 'পক্ষপাত'

নিয়োগ দুর্নীতির মামলায় তদন্তের অগ্রগতি নিয়ে মঙ্গলবার আলিপুর কোর্টে তিরস্কৃত হল সিবিআই। তদন্তকারী সংস্থার রিপোর্ট খতিয়ে দেখে বিচারকের পর্যবেক্ষণ, তদন্তকারী অফিসার আদালতকে বিপথে চালিত করার চেষ্টা করছেন। শুধু তাই নয় পক্ষপাতমূলক তদন্ত হচ্ছে বলেও মনে করেছেন বিচারক। তাঁর পর্যবেক্ষণে উঠে এসেছে, সিবিআই দু-এক জনকে জলে ফেলে রাখছে এবং বাকিদের নৌকায় তুলে রাখছে।সিবিআইয়ের আইনজীবী অবশ্য বলেন, "অপরাধের গুরুত্ব অনুযায়ী তদন্ত ও পদক্ষেপ করা হয়েছে।" সে কথা শুনে বিচারক আরও ক্ষুব্ধ হন। তিনি বলেন, "আপনি তর্ক করবেন না। আপনারা দুই একজনকে জলে ফেলে রাখবেন। আর বাকিদের নৌকায় তুলে রাখবেন। তা হতে পারে না। এই ক্ষেত্রে পক্ষপাতমূলক তদন্তের গতিপ্রকৃতি স্পষ্ট হচ্ছে বলেই মনে হচ্ছে। আমি শুধু মুখে বলছি না আমার লিখিত নির্দেশেও সব বিষয়ে উল্লেখ করব।"

সিবিআইয়ের তদন্ত নিয়ে কড়া কথা শোনালেও শান্তিপ্রসাদ এবং আব্দুল খালেকের জামিনের আর্জি অবশ্য এ দিন মঞ্জুর হয়নি। তাঁদের দু'জনকেই ফের জেল হেফাজতে পাঠিয়েছেন বিচারক।প্রসঙ্গত, এ দিনই তদন্তের গতিতে ঢিলেমির জন্য কলকাতা হাই কোর্টেও তিরস্কৃত হয়েছে আরেক তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)।

এ দিন আলিপুর কোর্টে একাদশ-দ্বাদশ শ্রেণির মামলায় ধৃত শান্তিপ্রসাদ সিংহ এবং আবদুল খালেকের জামিনের শুনানি ছিল। সেখানে তদন্তের অগ্রগতি নিয়ে রিপোর্ট পেশ করেন সিবিআইয়ের কৌঁসুলি। তার পরিপ্রেক্ষিতে শান্তিপ্রসাদের আইনজীবী সঞ্জয় দাশগুপ্ত বলেন, "এই মামলায় শান্তিপ্রসাদ-সহ একাধিক ব্যক্তির বিরুদ্ধে একই অভিযোগ রয়েছে। কিন্তু সিবিআই শান্তিপ্রসাদ সিংহ-সহ দু'জনকে গ্রেফতার করেছে। কিন্তু অভিযুক্ত হিসেবে একাধিক ব্যক্তির নাম উল্লেখ করা হয়েছে। কিন্তু তাঁদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হয়নি। রিপোর্ট পড়ার পরে বিচারক সিবিআইয়ের আইনজীবীর উদ্দেশে বলেন, "তদন্তকারী অফিসার আদালতকে বিপথে চালিত করার চেষ্টা করছেন। একই অপরাধে অভিযুক্তদের বিরুদ্ধে কী আইনি পদক্ষেপ নেওয়া হয়েছে। তা স্পষ্ট করা হয়নি।"

## গেরুয়া শিবিরে ভোট 'তৃণমূল সাংসদ' দিব্যেন্দুর?


# নন্দীগ্রামে স্থায়ী সমিতিতে জয় বিজেপির

**হলদিয়া: নিউজ সারাদিন :** নন্দীগ্রাম এক নম্বর ব্লকের স্থায়ী সমিতির ভোটে সাংসদ দিব্যেন্দু অধিকারীর আসল 'রূপ' বেরিয়ে পড়ল! তৃণমূল কংগ্রেসের টিকিটে জিতে আসা দিব্যেন্দু নাকি ভোট দিয়েছেন বিজেপিকে! এমনটাই জোরালভাবে দাবি করছে নন্দীগ্রামের তৃণমূল শিবির। আর তাতেই স্থায়ী সমিতি গঠনে জয় পেল বিজেপি। এরপর বাকি স্থায়ী আটটি স্থায়ী সমিতিতে ভোট হলে সব কটিতে বিজেপি বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়। তৃণমূলের স্থানীয় জেলা পরিষদ সদস্য, এদিনের ভোট পর্বের ভোটার সামসুল ইসলাম জানান, 'বিডিও গায়ের জোরে ভোট করিয়েছেন। বিজেপিকে জেতানোর জন্যই এমন পক্ষপাতিত্ব করেছেন তিনি। দিব্যেন্দু অধিকারী তৃণমূলের টিকিটে সাংসদ হয়ে বিজেপিকে ভোট দিয়েছেন। উনার মূল্যবোধ, নীতি আদর্শ বলে কিছুই নেই। আমাদের সঙ্গে দ্বিচারিতা করেছেন, চক্রান্ত করেছেন দিব্যেন্দু। আমরা আদালতে যাব।'

নন্দীগ্রামের বিধায়ক হিসাবে ভোটদান পর্বে হাজির ছিলেন শুভেন্দু অধিকারীও। এই জয়ের প্রসঙ্গ টেনে তিনি শাসকদলকে বিঁধে বললেন,'আমরা ২৩ জন ছিলাম। পেয়েছি ২৪ টা ভোট। তৃণমূল কংগ্রেস ঘর ঠিক না রাখতে পারলে আমার কী করার আছে। কেউ ভোট দিতে জানে না। ভুল ভোট দেয়। অশিক্ষিত তৃণমূল এরা কি করবে। এরা আরও পড়াশোনা করুক। আমার সঙ্গে লড়তে গেলে দম লাগবে।'যদিও দিব্যেন্দু নিজে এ বিষয়ে প্রতিক্রিয়া দিতে গিয়ে ধোঁয়াশা রেখে দিয়েছেন। কাকে ভোট দিয়েছেন সাংবাদিকদের সেই প্রশ্নের উত্তরেও দিব্যেন্দু খোলসা করেননি তাঁর অবস্থান। তিনি বলেন, 'ভোটদানের গণতান্ত্রিক অধিকার আছে আমার। সংবিধানপ্রদত্ত ক্ষমতা অনুযায়ী আমি ভোট দিয়েছি। কাকে ভোট দিয়েছি, না দিয়েছি তা পরিষ্কার, সবাই জানে।' তবে বিজেপির তমলুক সাংগঠনিক জেলার সম্পাদক মেঘনাদ পাল জানিয়েছেন,'এলাকার উন্নয়নের স্বার্থে দিব্যেন্দুবাবু বিজেপিকে ভোট দিয়েছেন।'

দিব্যেন্দুর অবস্থান যে দলের বিপক্ষে ছিল, সেটা অবশ্য স্পষ্টই জানিয়েছেন তৃণমূল কংগ্রেসের নন্দীগ্রাম এক নম্বর ব্লক সভাপতি বাপ্পাদিত্য গর্গ। তিনি বলছেন,'বর্ণচোরা দিব্যেন্দু। দিনে তৃণমূল,রাতে বিজেপি। এমন লুকোচুরি খেলা আজ স্পষ্ট হয়ে গিয়েছে। অধিকারী পরিবারের রক্তে বিশ্বাসঘাতকতা রয়েছে। রাজ্যের মানুষের কাছে আজ তা পরিষ্কার হয়ে গিয়েছে।'এদিন বেলা ১১ টার ভোটদানের জন্য সমস্ত সদস্য ব্লক অফিসে হাজির হন। তখন অফিসের বাইরে তৃণমূল এবং বিজেপি দুই শিবিরে কর্মী সমর্থকদের মধ্যে উত্তেজনা চরমে। এদিন মোট নয়টি স্থায়ী সমিতি গড়ার জন্য ভোট গ্রহণের আয়োজনকরা হয়। ভোট প্রক্রিয়ায় প্রথমে জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতির ভোট গৃহীত হয়। সেই ভোটের রেজাল্টে দেখা যায়, বিজেপি ২৪টি এবং তৃণমূল ১৮টি ভোট পেয়েছে। আর এই রেজাল্টের পরই তৃণমূল কংগ্রেসের শেখ আজিজুল রহমান অজ্ঞান হয়ে পড়ে যান। তড়িঘড়ি করে তাকে ব্লক অফিসের পাশে থাকা নন্দীগ্রাম সুপার স্পেশ্যালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এই ঘটনার পর তৃণমূলের তরফে ভোট প্রক্রিয়া প্রিসাইডিং অফিসার, তথা ব্লকের ভিডিও সুমিতা সেনগুপ্তের কাছে ভোটগ্রহণ স্থগিত রাখার আবেদন জানানো হয়। ১০ মিনিট অপেক্ষা করার পর, প্রিসাইডিং অফিসার অন্যান্য স্থায়ী সমিতি গঠনের জন্য ফের ভোট গ্রহণের কাজ শুরু করেন। তার প্রতিবাদে তৃণমূল সদস্যরা ভিডিও অফিস সে থেকে ওয়াকআউট করে ভিডিও বিশ্বের মূল গেটের সামনে ধরনায় বসেন। পরে পুলিশ তাদেরকে হটিয়ে দেয়। উলটোদিকে বিজেপি সমর্থকরা তখন নন্দীগ্রাম থানা মোড়ে শাসকদলের বিরুদ্ধে স্লোগান তোলে। ১৪৪ ধারা জারি থাকলেও উত্তেজনা পরিবেশ তৈরি হয়। পরে পুলিশ তাদেরকে হটিয়ে দেয়।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**


ত্রম্বকাম যজমাহে, সুগন্ধিম পুষ্টি-বর্ধানাম, উরুভারুকম্ভিয়া বান্ধানাম, মৃত্যুয়র মুখশিয়া মামরিতাত।" প্রসঙ্গত, চার লাইনে ভাঙা এই মন্ত্রটির প্রতিটি লাইনে আটটা চিহ্ন রয়েছে, যা উচ্চারণ করার সময় সারা শরীরজুড়ে একটা কম্পন ছড়িয়ে পরে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# জীবনে চলার পথে খুঁজে পেয়েছিলাম তাকে



**মৃত্যুঞ্জয় সরদার**
**(প্রথম পর্ব)**



সত্যি কথা বলতে গেলে বলতে হবে মানব জীবন অত্যন্ত কঠিন এবং ভয়ানক। ছোটবেলায় স্কুলে পড়ার সাথে সাথে কাদা পেলে ঠাকুর তৈরি নিয়ে এসেছিল আমার দু ভায়ের। কালীপুজোর আগে থেকে মাটি তুলে নিজে হাতে ঠাকুর তৈরি করে সেই ঠাকুরকে পূজা দিতাম। সব সময় ভাবতাম আমি জীবনে বড় হয়ে একদিন পুলিশ অফিসার হবো। তিনি চায়না তাই সে ভাবনা থেকে বহু যোজন দূরেই আমাকে চলে যেতে হল। পড়াশুনা যাহাতে না করতে পারি আমার উপরে, আমার পরিবারের উপরে অকথ্য অত্যাচার নেমে এসেছিল রাজনৈতিক তরফ থেকে। তবে সবকিছু অত্যাচার সহ্য করে নিজের উদ্দেশ্য ছিল একটা কিছু করার। বৌভাত ঘরছাড়া হয়ে ক্যানিং দিদির বাড়ি থাকতে শুরু করলাম সেই সময় ক্যানিংয়ের চলচ্চিত্র জগতের ফাইটার গ্রুপের শংকর বিশ্বাস নামে এক ফাইটারের সঙ্গে আমার আলাপ হল। আমি তার হাত ধরে কলকাতা টালিগঞ্জ পালায় যাতায়া শুরু করেছিলাম, যেতে যেতে ওখানে বিভিন্ন সিনেমাতে অভিনয়ের সুযোগ পেয়ে যায়। তারপরে কলকাতা থেকে যাও, কিভাবে যে জীবনের একটা জায়গা থেকে আর একটা জায়গা চলে আসা ,একটা অসম্ভব জিনিসটা সম্ভব হয়ে গেল ,তা আমি আগে উপলব্ধি করতে পারিনি, আর এই মিরাক্কেল ঘটনাটা ঘটিয়েছিলেন ভগবান নিজেই। যখন টালিগঞ্জ পাড়াতে নাম কিনছি , কিভাবে যে এই পাড়াতে আমার শত্রু তৈরি হলো তা আমি আগেই বুঝতে পারিনি, হঠাৎ একদিন রাতে শত্রুরা মেরে দেওয়ার পরিকল্পনা ছিল। সেই পরিকল্পনা অনুযায়ী আমাকে মেরে জাপান কাউন্সিলের অফিসের পিছনে পচা খালে ফেলে দেয়া হয়েছিল। সেদিনই তো আমি মৃত্যুবরণ করেছিলাম কিভাবে যে বেঁচে গেলাম তা স্বপ্নে আজও ভাবতে পারিনা, হঠাৎ মাঝরাতে আমার জ্ঞান ফেরে তখন দেখি আমি পচা খালের জলের মধ্যে পড়ে রয়েছে। স্বয়ং মা কালী আমাকে সেই সময় পুনরায় জীবন দিয়েছিল, আমি খাল থেকে উঠে যে ফ্লাটেছিলাম সেখানে পৌঁছাতেই আবার সেই ফ্ল্যাটে দুষ্কৃতীরা আক্রমণ করে ভোরের বেলায়। হরিদেবপুর ফাঁড়ির পুলিশ এসে আমাকে নিয়ে যায় ,আর বলে তোকে মেরে দেওয়ার পরিকল্পনা ছিল। তিন দিন পুলিশ লকাবে রেখে থানা থেকে আমাকে যাদবপুর পর্যন্ত ছেড়ে দেয়া হয়। একটা প্যান একটা জামা পরে বাড়ি ফিরেছিলাম। সিনেমা জগতে আবার ফিরে জন্য এক বছর মিডিয়ার সমস্ত বন্ধু-বান্ধবদের সঙ্গে যোগাযোগ করলেও কেউ আমাকে সাহায্য করেনি। শত যন্ত্রণা কষ্ট সহ্য করতে করতে দুমড়ে মুছে একাকার হয়ে গেছিলাম ২০০৪ সালে সেই সময়ে, তারপরে সাংবাদিক হওয়ার প্রস্তুতি শুরু আর সংবাদ মাধ্যমের সুযোগ স্বয়ং মা আমাকে করিয়ে দিয়েছিল। আমি কোনদিন স্বপ্ন ভাবতে পারিনি আমি সাংবাদিক বা সম্পাদক হব। আজ কাগজের সম্পাদনার যতটুকু কাজ করি তিনি আমাকে করায় তাই করি। সাংবাদিকতা করতে গিয়ে আমার উপরে অত্যাচার অকথ্য অবিচার হতে লাগলো, বহুবার আমাকে মেরে দেওয়ারও পরিকল্পনা হয়েছে। এমনও কি পরিকল্পিতভাবে দয়ের সাথে অ্যাচিট দিয়েও মেরে দিতে চেয়েছিল রাজনৈতিক নেতারা। সে দই খেয়ে মৃত্যু শয্যায় গিয়েও আবার মিরাক্কেল ভাবে তাকে দেখতে পেয়েছিলাম হসপিটালের বেডে শুয়ে। তিনি আমার মাথায় হাত দিয়ে বলছেন ব্যাটা তোর কিছু হবে না ,তোর জন্য আমি আছি আজও এ কথাটি বললে মনের ভিতরে কেমন যেন একটা শিহরণ জেগে উঠে। জীবনে চলার পথে তার সঙ্গে সেই মুহূর্তের দেখা হয়েছিল আমার। তারপরে অন্যান্য ঘটনা পরিপ্রেক্ষিতে হঠাৎ একদিন পশ্চিমবঙ্গ কর্মরত পুলিশ আধিকারিক আইপিএস অজয় রানাডে নজরে আমি পড়ে যাই, সেই থেকে অজয় স্যার আজও আমাকে ভগবানের মতো সাহায্য করে চলেছে। তিনি যে মানুষরূপী ভগবান, রাজনৈতিকভাবে কুড়িটা বছর যেভাবে আমাকে ধ্বংস করে দেওয়ার পরিকল্পনা রয়েছে, একমাত্র ঈশ্বর ওনাকে দিয়ে সেই শক্তির পরাজয় করাচ্ছে। জীবনে চলার পথে, মা স্বয়ং ঈশ্বরকে আমার কাছে পাঠিয়ে দিয়েছিল।তিনি মানুষ রূপে ঈশ্বর আইপিএস অজয় রানাডে। জীবনে চলার পথে খুঁজে পেয়েছিলাম তাকে তিনি হচ্ছেন আজও আমার পরিবারের ঈশ্বর। ঈশ্বর তো এভাবে মানুষের রূপে সাহায্য করে সবাইকে।প্রতিটি আত্মার মধ্যে ঈশ্বর জে বিরাজমান, একথা আমি প্রতিটা মুহূর্তে উপলব্ধি করেছি আমার জীবনে চলার পথে।তাই বলবো ঈশ্বর শক্তির সেই বানীতে 'মানুষ হচ্ছে আমার অনুরূপ' । এখানেও শারীরিক অবয়বের কথা বলা হয়নি । এখানেও ইঙ্গিত করা হয়েছে আত্মার দিকেই । অর্থাৎ আত্মাকে ঈশ্বর শক্তি তার নিজের মত ক্ষমতা দিয়েই তৈরি করেছে । কারণ শারীরিক যে সক্ষমতা মানুষের আছে তা দিয়ে প্রকৃতির প্রাণীদেরকেই হারানো মুশকিল সে ক্ষেত্রে ঈশ্বর শক্তি অস্বীকার করা কাল্পনিক।অবশ্যই মানুষ তার শারীরিক অবয়বের শক্তির জন্য ঈশ্বর শক্তিকে অস্বীকার করেনি । আবার ঈশ্বর শক্তি এত দুর্বল বা সীমাবদ্ধতার মধ্যে হতে পারেনা কারণ ঈশ্বর শক্তি মহাশক্তি। যে মহাশক্তি আত্মা সৃষ্টি করে যা একটি স্বাধীন সত্তা। কিন্তু প্রয়োজনে আত্মাকে শৃঙ্খলিত করে শাস্তি দিতে পারে । সুতরাং শারীরিক অবয়বে মহাশক্তি হওয়া বা মহাশক্তি অস্বীকার করা অসম্ভব। সে কারণে যারা আমার উপরে অকথ্য অত্যাচার অন্যায় করেছিল, তারা অনেকে এই পৃথিবীতে আর নেই।তাদের অনেকের অকাল মৃত্যু হয়েছে, ঈশ্বর পারলে অনেক কিছু করতে পারে। আজও যারা আমার উপর অন্যায় করে ঈশ্বর তার প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিচার করে, অনেক সময় আমার উপরে এমনই ঘটনা ঘটেছে যে কথা আইপিএস অজয় বাবু কে জানিও কোন কাজ হয়নি। কোন ন্যায় বিচার পাইনি, মনে মনে ঈশ্বরের কাছে প্রার্থনা করতেই ,ঈশ্বরের বিচার হয়েছে , পরে হলেও। এমনই অনেক ঘটনা যা উল্লেখ করার সবটা উল্লেখ করতে চাইছে না এই লেখার মধ্যে। তবে তার বিচার তার উপলব্ধি আমার পরিবারে বহু ক্ষেত্রে বহু উদাহরণস্বরূপ হয়ে গেছে। আমার ঠাকুরদা নন্ত সরদার যখন পাগলা হয়ে গেছিল, হাজারো ডাক্তার দেখে পাগল ভালো হচ্ছিল না। স্বয়ং শিব স্বপ্ন মধ্যে বলে দিয়েছিল একটি মাদুলি অমুক জায়গায় পাবি। সেই স্থানে মাদুলিটি সেই সময় গিয়ে ঠাকুরদা পেয়েও ছিলেন ,আর সেই থেকে পাগলামি রোগটা ভালো হয়েও গিয়েছিল। এটা অনেকেই ভাববে গল্পকথা কিন্তু এটাই বাস্তব মিরাক্কেল স্বয়ং ঈশ্বর আমার পরিবারে এই আশীর্বাদ টা দিয়েছিল । আজো আমি না চাইতে বিভিন্ন ধর্ম স্থানে সাধু-সন্তদের হাত ধরে পৌঁছে গেছি, হঠাৎ একদিন আমি অসুস্থ শ্রীরামপুর স্টেশনে হয়তো

ক্রমশঃ


(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

cinema TV

## মালাইকাকে ছেড়ে কৌতুকাভিনেত্রীর প্রেমে অর্জুন, অবশেষে মুখ খুললেন কুশা





**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** বিবাহবিচ্ছেদের পর ১১ বছরের ছোট অর্জুন কাপুরের সঙ্গে সম্পর্কে জড়ান মালাইকা আরোরা। দীর্ঘ পাঁচ বছর ধরে সম্পর্কে রয়েছেন বলিউডের এই দুই তারকা। বরাবরই তাদের সম্পর্ক নিয়ে বিশেষ কৌতুহূল অনুরাগীদের। তবে হঠাৎই গুঞ্জন, সম্পর্কে নাকি চিড় ধরেছে অর্জুন-মালাইকার।


শোনা যাচিছল, সামাজিক যোগাযোগমাধ্যম প্রভাবী তথা কৌতুকাভিনেত্রী কুশা কপিলার সঙ্গে ঘনিষ্ঠতার জেরেই নাকি সম্পর্কে ভাঙন ধরেছে তাদের। করন জোহরের পার্টি থেকেই নাকি বন্ধুত্ব গভীর হয় কুশা-অর্জুনের। তার জেরেই নাকি মালাইকার সঙ্গে বিচ্ছেদ অর্জুনের! এদিকে দিন কয়েক আগেই বিবাহবিচ্ছেদ হয়েছে কুশার। যার ফলে এই গুঞ্জনের পালে আর একটু বেশি বাতাস লেগেছে। অবশেষে এই প্রসঙ্গে মুখ খুলেলন কুশা।

যে অর্জুন সর্বক্ষণই প্রায় মালাইকার সঙ্গে ঘুরতেন, তিনি নাকি এখন একা একা ঘুরে বেড়াচ্ছেন। একাই ছবি দিচ্ছেন। আবার অন্যদিকে মালাইকাকেও দেখা গেছে একা পার্টি করতে। গায়ক এপি ধিলনের পার্টিতে একাই দেখা গেছে অভিনেত্রীকে। ব্যস, তাতেই অনেকে বলাবলি করতে শুরু করেন, তাদের সম্পর্কে নাকি চিড় ধরেছে। আর তার কারণ হলেন কুশা। সম্প্রতি তাকে নিয়ে নিত্যনতুন যে সব খবর প্রকাশ্যে আসছে তা দেখে কুশা বলেন, "আমাকে নিয়ে রোজ এত নতুন গল্প! ভাগ্যিস আমার মা দেখেননি।"

অন্যদিকে, অর্জুন-মালাইকার ঘনিষ্ঠরা জানাচ্ছেন অন্য কথা। তাদের অন্দরের খবর, এই জল্পনা শুনে দু'জনেই খুব হাসাহাসি করেছেন। এ ধরনের আলোচনা তাদের দু'জনের কাছেই খুব হাস্যকর বলে মনে হয়েছে। তাই এখন আর এই বিষয় নিয়ে কোনও মন্তব্যই করতে চান না তারা। আপাতত নিজেদের কাজে মন দিতে চান অর্জুন এবং মালাইকা।

## সাইফ আলি-পুত্রের ছবিতে দেখা যাবে কাজলকে





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** করণ জোহরের ধর্ম প্রডাকশনের নতুন ছবি 'সরেজমিন'এ নায়ক হয়ে আসছেন সাইফ আলি খান-পুত্র ইব্রাহিম। যেটি পরিচালনা করছেন বোমান ইরানির পুত্র কায়োজে ইরানি। ছবিতে ইব্রাহিমের বিপরীতে কোনও নায়িকা নেই বলে শোনা যাচ্ছে। তবে গুরুত্বপূর্ণ একটি ক্যারেকটারে দেখা যাবে কাজলকে। মালয়ালম ছবি 'হৃদয়ম'-এর আদলে সেনাবাহিনীর গল্প প্রেক্ষাপটে ছবির চিত্রনাট্য বেঁধেছেন নির্মাতা। করণ জোহর ইতোমধ্যেই এই সিনেমার জন্য কাজলের সঙ্গে যোগাযোগ করেছেন। এর আগে সারা আলি খানও ভাই ইব্রাহিমের বলি-অভিষেক নিশ্চিত করেছিলেন। সাইফ-কন্যা জানান, তাঁর ভাই প্রথম ছবির শুটিং 'সদ্য শেষ' করেছেন। তবে বাকি আছে পোস্ট প্রোডাকশনের কাজ যা চলতি বছরের মধ্যেই হয়ে যাওয়ার কথা। যদিও নির্মাতারা এখনও মুক্তির তারিখ ঘোষণা করেননি।

উল্লেখ্য, এর আগে করণ জোহরের হাত ধরে বলিউডে অভিষেক হয়েছে আলিয়া ভাট, বরুণ ধাওয়ান, অনন্যা পাণ্ডের মতো তারকাদের। এবার পালা সাইফ আলী খান ও অমৃতা সিং-এর ছেলে ইব্রাহিম আলী খানের।

## ১৭ বছর পরে ফের পরিচালনায় নাসিরুদ্দিন শাহ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** প্রায় ১৭ বছর পর, ভারতের বর্ষীয়ান অভিনেতা নাসিরুদ্দিন শাহ একটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নিয়ে ফিরলেন পরিচালনায়।

ছবির নাম 'ম্যান ওম্যান ম্যান ওম্যান'। এই স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্রটি প্রকাশ পেয়েছে ইউটিউবে। ছবিতে প্রধান চরিত্রে অভিনয় করেছেন সাবা আজাদ, রত্না পাঠক শাহ, ভিভান শাহ এবং তরুণ ধনরাজগীর। শুক্রবার (২৫ আগস্ট) ইউটিউবে মুক্তি পায় 'ম্যান ওম্যান ম্যান ওম্যান'। নাসিরুদ্দিন শাহের বড় ছেলে ইমাদ এই প্রকল্পে সহযোগী পরিচালক হিসেবে কাজ করেছেন।



এদিকে, 'ম্যান ওম্যান ম্যান ওম্যান' মুক্তির আগেই তার বহু চর্চিত বান্ধবী সাবা আজাদকে নিয়ে আনন্দে মেতে ওঠেন হৃত্বিক রোশন। বলিউডের 'গ্রিক গড' ইনস্টাগ্রামে ভাগ করে নিয়েছেন সেই খুশির খবর। ২৪ আগস্ট সাবা 'ম্যান ওম্যান ম্যান ওম্যান'-এর ট্রেলার শেয়ার করেন সোশ্যাল মিডিয়ায়। সেই সঙ্গে লিখেন, যখন 'ম্যান ওম্যান ম্যান ওম্যান' সুন্দর উপায়ে একত্রিত হয় তখন কী হয়? তিনি কিংবদন্তি অভিনেতা নাসিরুদ্দিন শাহ'র প্রশংসা করে লিখেন, নাসির স্যারের পরিচালনায় কী দুর্দান্ত অভিষেক! এর প্রতিটি মুহূর্ত উপভোগ করেছি। হৃতিকও তার ইনস্টাগ্রাম স্টোরিতে ট্রেলারটি শেয়ার করেছেন এবং নাসিরুদ্দিন শাহ পরিচালিত শর্ট ফিল্মটির প্রশংসা করেছেন।

## রজনীকান্তের জেলার দেখা যাবে ঘরে বসে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** এবার ওটিটি প্ল্যাটফর্মে আসতে চলেছে রজনীকান্তের সদ্য মুক্তি পাওয়া সিনেমা জেলার। চলতি বছরের ১১ আগস্ট মুক্তি পেয়েছে সিনেমাটি। ভারত জুড়ে হইচই ফেলা সিনেমাটি শিগগিরই ওটিটিতে আসবে বলে শোনা যাচ্ছে। তাই দর্শকরা ঘরে বসেই উপভোগ করতে পারবেন রজনীকান্তের অ্যাকশনধর্মী সিনেমাটি। ভারতীয় বিভিন্ন গণমাধ্যমের রিপোর্ট বলছে, নির্মাতারা ছবিটির ডিজিটাল রাইটস নেটফ্লিক্সের কাছে শত কোটি রুপিতে বিক্রি করেছেন। ভারতে সাধারণত কোনো ছবি মুক্তির ছয়-আট সপ্তাহ পর তা ওটিটিতে স্ট্রিম হয়। জানা গেছে, জেলার তার আগেই ওটিটিতে আসবে।

সিনেমাটি সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে ওটিটির পর্দায় আসবে।

দেশের মাটিতে 'জেলার' প্রায় ৩০০ কোটি রুপি আয় করে ফেলেছে। পুরো বিশ্বে আয়ের ক্ষেত্রে ৬০০ কোটি রুপির পথে এগোচ্ছে ছবিটি। নেলসন দিলীপ পরিচালিত এই ছবিতে রজনী ছাড়াও আছেন তামান্না ভাটিয়া, জ্যাকি শ্রফ, শিব রাজকুমার, মোহন লালসহ আরও অনেকে।

## বিশ্বরেকর্ড গড়লেন

# বাবর আজম



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : হাম্বানটোটায় আফগানিস্তানের বিপক্ষে সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে শেষ ওভারের নাটকীয়তায় এক উইকেটে জয় পেয়েছে পাকিস্তান। রোমাঞ্চকর এ জয়ে এক ম্যাচ বাকি থাকতেই সিরিজ নিজেদের করে নিল বাবর আজমের দল।

এ জয়ে ক্যারিয়ারে অর্জনের মুকুটে আরও একটি পালক যুক্ত হলো বাবর আজমের। পাকিস্তান অধিনায়ক স্পর্শ করেছেন নতুন মাইলফলকে, গড়েছেন বিশ্বরেকর্ড।

বৃহস্পতিবার আফগানদের বিপক্ষে হাশিম আমলা, ভিভ রিচার্ডসদের ছাপিয়ে ওয়ানডে ক্রিকেটে বিশ্বরেকর্ড গড়েন বাবর আজম। ১০০টি ওয়ানডে ইনিংস খেলার পরে সর্বোচ্চ রান সংগ্রহকারী হয়েছেন তিনি। এছাড়া ১০০ ইনিংস খেলার পর বাবরই একমাত্র ব্যাটার, যিনি পাঁচ হাজারের বেশি স্কোর করেছেন।

বাবর আজম এদিন ৬৬ বলে ৫৩ রান করেন। ওয়ানডেতে এখন তার রান ৫১৪২। যেটা এই ফরম্যাটে ১০০ ইনিংস খেলা কোনও ব্যাটারের সর্বোচ্চ রান।

এ তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন দক্ষিণ আফ্রিকার হাশিম আমলা। ১০০ ইনিংস শেষে তার সংগ্রহ ছিল ৪৯৪৬ রান। ওয়েস্ট ইন্ডিজের কিংবদন্তি ভিভ রিচার্ডস রয়েছেন তিনে। তিনি ওয়ানডের ১০০ ইনিংসে ৪৬০৭ রান করেছিলেন। ভারতের বিরাট কোহলি অনেক পিছিয়ে। ১০০টি ওয়ানডে ইনিংস খেলার পর তার স্কোর ছিল ৪২৩০।

১০০টি ওয়ানডে ইনিংসে পাঁচ হাজারের বেশি রান করতে বাবর আজম ১৮টি সেঞ্চুরি এবং ২৭টি হাফসেঞ্চুরি হাঁকিয়েছেন।

বৃহস্পতিবার ৩০১ রানের বড় লক্ষ্যে খেলতে নেমে শেষ ১২ বলে পাকিস্তানের দরকার ছিল ২৭ রান। হাতে ছিল মাত্র দুই উইকেট। ম্যাচটা তখন আফগানদের দিকেই। ৪৯তম ওভারের শেষ দুই বলে আবদুল রহমানকে চার আর ছক্কা হাঁকিয়ে পাকিস্তানের আশা জাগান শাদাব খান।

শেষ ওভারে তাই জয়ের জন্য দরকার পড়ে ১১ রান। ফজলহক ফারুকি বল ছোড়ার আগেই শাদাব ক্রিজ ছেড়ে বেরিয়ে যান। এই সুযোগে তাকে মানকাডিং করেন ফারুকি। মাঠ ছাড়ার আগে ৩৫ বলে ৪৮ করেন তিনি। তারপরও শেষ ওভারে প্রয়োজনীয় ১১ রান তুলে নেন নাসিম শাহ ও হারিস রউফ।

## রোনালদোর হ্যাটট্রিকে গোল উৎসবে মাতলো আল-নাসের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : সৌদি প্রো লিগের নতুন মৌসুমে পরপর দুই ম্যাচে হেরেছে আল-নাসের। এবার তৃতীয় ম্যাচে এসে জয়ের দেখা পেল দলটি। এই ম্যাচে হ্যাটট্রিক করেছেন ক্রিস্টিয়ানো রোনালদো।

২৫ আগস্ট দিবাগত রাত ১২টায় সৌদি প্রো লিগের ম্যাচে আল ফাতেহর বিপক্ষে মাঠে নামে আল-নাসের। ম্যাচটিতে ৫-০ গোলের জয় পায় তারা। দলের হয়ে ৩টি গোল করেছেন রোনালদো। আর জোড়া গোল করেন সেনেগাল তারকা সাদিও মানে।

ম্যাচের ৩৮, ৫৫ ও ৯৬তম মিনিটে গোল করেন রোনালদো। এছাড়া সাদিও মানে ২৭ ও ৮১ মিনিটে গোল করেন। সেনেগালের এই তারকার সামনেও এ দিন হ্যাটট্রিক গোল করার সুযোগ ছিল। তবে খেলা শেষের কিছুক্ষণ আগে তিনি মাঠ ছাড়লে সুযোগ থাকে কেবল সিআরসেভেনের সামনে। আর সেই সুযোগটিই কাজে লাগান তিনি।

## আর্সেনাল শিবিরে স্বস্তি, ফিরছেন জেসুস



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : প্রাক-মৌসুম প্রস্তুতির সময় হাঁটুতে চোট পাওয়ার পর থেকেই মাঠের বাইরে আছেন গাব্রিয়েল জেসুস। অস্ত্রোপচারের পর পুরোপুরি সেরে উঠে এখন ফেরার জন্য তিনি প্রস্তুত। আর্সেনালের আসছে ম্যাচে এই ব্রাজিলিয়ানের খেলার বিষয়টি নিশ্চিত করেছেন কোচ মিকেল আর্তেতা।

চলতি মাসের শুরুতে এমিরেটস কাপে মোনাকোর বিপক্ষে ম্যাচের আগে জেসুসের চোটের খবর জানায় আর্সেনাল। এরপর হাঁটুর একটি ছোট অস্ত্রোপচার করা হয় তার। ওই সময় আর্তেতা বলেছিলেন, কয়েক সপ্তাহের জন্য ছিটকে যেতে পারেন এই ২৬ বছর বয়সী। ইংলিশ প্রিমিয়ার লিগে আগামী রবিবার ফুলহ্যামের বিপক্ষে খেলবে গত মৌসুমে রানার্সআপ হওয়া আর্সেনাল। এই ম্যাচের আগে সংবাদ সম্মেলনে আর্তেতা বলেন, এখন শতভাগ ফিট জেসুস। ২০২২-২৩ মৌসুমে আর্সেনালের হয়ে ইংল্যান্ডের শীর্ষ লিগে ২৬ ম্যাচে ১১টি গোল করেন জেসুস।

## চুম্বন-কাণ্ড এবার ফিফার শৃঙ্খলাভঙ্গ কমিটিতে



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : স্প্যানিশ ফুটবল ফেডারেশনের প্রেসিডেন্ট লুইস রুবিয়ালেসের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের প্রক্রিয়া শুরু করলো ফিফা।

গত রবিবার মেয়েদের বিশ্বকাপ ফুটবল ফাইনালে ইংলিশদের হারিয়ে বিশ্বকাপে জয় করে স্পেন। তারপর পুরস্কারবিতরণ অনুষ্ঠানে রুবিয়ালেস জোর করে স্প্যানিশ ফুটবলার জেনি এরমোসোকে চুমু খান। এরপরই এই চুম্বনকাণ্ড নিয়ে প্রচুর হইচই হচ্ছে।

ফিফা জানিয়েছে, এই ঘটনা ফিফা শৃঙ্খলারক্ষা কোডের ১৩ নম্বর অনুচ্ছেদের এক ও দুই ধারা ভঙ্গ করেছে বলে মনে করা হতে পারে।

১৩ নম্বর অনুচ্ছেদে প্লেয়ার ও কর্মকর্তারা যদি সুব্যবহার না করেন, তাহলে কী ব্যবস্থা নেয়া হবে তা বলা হয়েছে। সেখানে বলা হয়েছে, কোনো প্লেয়ার বা কর্মকর্তা এমন কোনো ব্যবহার করতে পারবেন না, যা ওই খেলাকে বদনাম করে। তারা ভালো ব্যবহার না করলে কী হবে তানিয়েও আলোচনা করা হয়েছে।

ঘটনাটা ঘটেছিল পুরস্কার দেয়ার মঞ্চে। সেখানে ফিফা প্রেসিডেন্ট, স্পেনের রানি ও রুবিয়ালেস ছিলেন। তার আগে রুবিয়ালেস স্টেডিয়ামে বসে ম্যাচ দেখেছেন।

তবে ফিফার শৃঙ্খলারক্ষা কমিটি কবে তাদের সিদ্ধান্ত জানাবে তা জানা যায়নি।

গত বুধবারই এরমোসো একটি বিবৃতি দিয়েছেন। তাতে তিনি রুবিয়ালেসের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবি জানিয়েছিলেন।

এদিকে, গণমাধ্যমের খবর লুইস রুবিয়ালেস পদত্যাগ করার পরিকল্পনা করেছেন।

## না ফেরার দেশে ব্রে ওয়াট,

# শোকস্তব্ধ রেসলিং দুনিয়া



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : মাত্র ৩৬ বছর বয়সেই না ফেরার দেশে পাড়ি জমালেন জনপ্রিয় রেসলার ব্রে ওয়াট। শুক্রবার বাংলাদেশ সময় ভোরে সামাজিক মাধ্যম এক্সে (সাবেক টুইটার) এক বার্তায় ব্রে ওয়াটের মৃত্যুর সংবাদটি জানান ডব্লিউডব্লিউই'র চিফ কন্টেন্ট অফিসার ও হেড অব ক্রিয়েটিভ পল মাইকেল লেভেস্ক।

জানা গেছে, গত কয়েক বছর ধরে শারীরিক অসুস্থতায় ভুগছিলেন ব্রে ওয়াট। শারীরিক অসুস্থতার জন্য গত কয়েক মাস ধরে তিনি রেসলিং থেকেও দূরে ছিলেন। ধারণা করা হচ্ছে, হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে এই রেসলারের। যদিও বিষয়টি নিশ্চিত করা যায়নি। ব্রে ওয়াটের আসল নাম উইন্ডহাম রোটুন্ডা। তার বংশে তৃতীয় প্রজন্মের রেসলার ছিলেন তিনি। তার বাবা মাইক রোটুন্ডা ও নানা রবার্ট উইন্ডহাম (ব্ল্যাকজ্যাক মুলিগান) দু'জনই ডব্লিউডব্লিউইর সাবেক রেসলার ছিলেন। ব্রে ওয়াটের মৃত্যুতে শোক জানিয়েছেন রেসলিং দুনিয়ার আরেক চেনা ব্যক্তিত্ব ডোয়াইন জনসন। তিনি লিখেছেন, 'ব্রে ওয়াটের মৃত্যুতে একেবারে ভেঙে পড়েছি। রোটুন্ডা পরিবারের সবার প্রতি সমবেদনা ও ভালবাসা রইল।'

## রদ্রিগোর পেনাল্টি মিসের পর

## বেলিংহ্যামের গোলে জিতল রিয়াল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পেনাল্টিতে রদ্রিগোর ব্যর্থতার পর মনে হচ্ছিল থামতে যাচ্ছে রিয়াল মাদ্রিদের জয়রথ। কিন্তু দলের খুব প্রয়োজনের সময় ফের এগিয়ে এলেন জুড বেলিংহ্যাম। অভিষেকের পর থেকে ইউরোপের সফলতম দলটিতে দুর্দান্ত সময় কাটানো ইংলিশ মিডফিল্ডার গড়ে দিলেন ব্যবধান। তার নৈপুণ্যে সেল্তা ভিগোকে হারাল কার্লো আনচেলত্তির দল। লা লিগার ম্যাচে শুক্রবার (২৫ আগস্ট) দিবাগত রাতে ১-০ গোলে জিতেছে রিয়াল। তিন ম্যাচে এটি তাদের তৃতীয় জয়, সেল্তার দ্বিতীয় হার। ঘরের মাঠে দারুণ শুরু করা সেল্তা তৃতীয় মিনিটেই রিয়ালের জালে বল পাঠায়। তবে গোল মেলেনি, ভিএআর মনিটরে রিপ্লে দেখে ফাউলের বাঁশি বাজার রেফারি। কর্নারের সময় অভিষিক্ত গোলরক্ষক কেপা আরিসাবালাগাকে ফাউল করেছিলেন স্বাগতিক ফরোয়ার্ড ইয়োর্গেন লারসেন। ষষ্ঠ মিনিটে ফেদে ভালভেরদের বুলেট গতির শট ঠিকমতো ফেরাতে পারেননি সেল্তা গোলরক্ষক ইভান ভিয়ার। বল ছুটে গিয়েছিল গ্লাভস থেকে। কিন্তু সুযোগ কাজে লাগাতে পারেননি রিয়ালের কেউ। ছুটে গিয়ে দ্বিতীয় চেষ্টায় গ্লাভসে নেন ভিয়ার। ম্যাচের শুরুর দিকেই চোটের জন্য অস্বস্তির ইশারা দেন ভিনিসিউস জুনিয়র। এরপরও চালিয়ে যাওয়ার চেষ্টা করেন তরুণ ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। কিন্তু বেশিক্ষণ পারেননি, অষ্টাদশ মিনিটে তার জায়গায় মাঠে নামেন হোসেলু। গতিময় ভিনিসিউস মাঠ ছাড়ার পর নিজেদের গুছিয়ে নিতে একটু সময় নেয় রিয়াল। সেই সুযোগে আক্রমণাত্মক ফুটবল খেলে সেল্তা। ২৪তম মিনিটে তারা এগিয়েও যেতে পারত। স্প্যানিশ ডিফেন্ডার অস্কার মিনগেসার শট আন্টোনিও রুডিগারের পায়ে লেগে দিক পাল্টে বাইরে চলে যায়। ৩২তম মিনিটে আরেকটি দারুণ সুযোগ হাতছাড়া করেন মিনগেসা। দূরের পোস্টে চমৎকার ক্রস পেয়েও খুব কাছে থেকে শট লক্ষ্যে রাখতে পারেননি বার্সেলোনার সাবেক এই ডিফেন্ডার। ৪৩তম মিনিটে জালে বল পাঠান হোসেলু। কিন্তু এস্পানিওল থেকে ধারে রিয়ালে ফেরা এই স্প্যানিশ ফরোয়ার্ড অফসাইডে থাকায় মেলেনি গোল। দুই মিনিট পর সুযোগ হাতছাড়া করেন জোনাথান বাম্বা। সেল্তার এই মিডফিল্ডারের শট বেরিয়ে যায় দূরের পোস্ট ঘেঁষে। আক্রমণ-পাল্টা আক্রমণে দ্বিতীয়ার্ধের শুরু থেকে দারুণ জমে ওঠে ম্যাচ। আসতে থাকে একের পর এক সুযোগ। ৬২তম মিনিটে সুবর্ণ সুযোগ হাতছাড়া করেন ভালেভেরদে। খুব কাছ থেকে বিস্ময়করভাবে বাইরে মারেন উরুগুয়ের এই মিডফিল্ডার। দুই মিনিট পর লারসেনের শট যায় ক্রসবারের উপর দিয়ে। ৬৮তম মিনিটে রদ্রিগোর স্পট কিক ঠেকিয়ে দেন ভিয়ার। এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ডকে সেল্তা ভিগোর গোলরক্ষকের ফাউল করাতেই মৌসুমে নিজেদের প্রথম পেনাল্টি পেয়েছিল রিয়াল। পরের মিনিটে এগিয়ে যেতে পারতো স্বাগতিকরা। কিন্তু পেনাল্টি স্পটের কাছ থেকে শট লক্ষ্যে রাখতে পারেননি ইয়াগো আসপাস। দূরের পোস্টে থাকা লারসেনও পারেননি পা ছোঁয়াতে। এরপর বেলিংহ্যাম ভাঙেন 'ডেডলক।' ৮১তম মিনিটে টনি ক্রুসের কর্নারে হোসেলুর হেডে বল পেয়ে খুব কাছ থেকে হেডে জাল খুঁজে নেন তিনি। স্পেনের সফলতম দলটির হয়ে এটি বেলিংহ্যামের চতুর্থ গোল। টানা তিন ম্যাচে গোল পেলেন তিনি। বাকি সময়ে সমতা ফেরানোর তেমন একটা সুযোগ তৈরি করতে পারেনি সেল্তা। রেয়ালও পারেনি ব্যবধান বাড়িয়ে নিতে। টানা তৃতীয় জয়ে ৯ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে রিয়াল। ৬ পয়েন্ট নিয়ে পরের দুটি স্থানে রায়ো ভাইয়েকানো ও ভালেন্সিয়া।

## নেতৃত্বের আর্মব্যান্ড

## পরেই বেনজেমার গোল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : সৌদি লিগ ম্যাচে ইত্তিহাদের জার্সিতে প্রথম গোল করেছেন করিম বেনজেমা। দলকে প্রথমে লিড এনে দেন তিনি। শেষ গোলে অ্যাসিস্ট করেছেন। আল রিয়াদের বিপক্ষে তার দল জিতেছে ৪-০ গোলের বড় ব্যবধানে। ইত্তিহাদ কোচ নুনো স্পারিন্তে সান্তোসের সঙ্গে সংকট চলছে রিয়াল মাদ্রিদ থেকে দুই বছরের চুক্তিতে সৌদি আসা বেনজেমার। নেতৃত্ব নিয়েও ছিল দ্বন্দ্ব। বৃহস্পতিবার রাতে নেতৃত্বের আর্মব্যান্ড পরে নামেন ফ্রান্স জাতীয় দলকে বিদায় বলা ৩৬ বছর বয়সী বেনজেমা।

ম্যাচের ১৭ মিনিটে গোল করেন তিনি। মাঝ মাঠ থেকে বল টেনে নিয়ে প্রতিপক্ষের বক্সের মুখে ঢুকে পড়েন এই স্ট্রাইকার। একবার বল দেওয়া-নেওয়া করে দারুণ শটে জালে পাঠিয়ে দেন বল। এরপর আঙুল নির্দেশ করে উদযাপন করে বেনজেমা হয়তো কোচ নুনো সান্তোসকে বোঝাতে চেয়েছেন- তাকে দলে কেন দরকার।

ইত্তিহাদ ম্যাচের ২৫ মিনিটে দ্বিতীয় গোল করে। দলটি পেনাল্টি পেলেও শট নেননি বেনজেমা। দলটির মরক্কান মিডফিল্ডার আব্দেররাজ্জাক হামদাল্লাহ শট নিয়ে গোল করেন। ম্যাচের প্রথমার্ধে ১০ মিনিটে অতিরিক্ত সময় বাড়িয়ে দেওয়া হয়। শেষ মিনিটে জালে বল পাঠিয়ে আব্দেররাজ্জাক দলকে ৩-০ গোলে এগিয়ে নেন। এরপর ম্যাচের শেষ সময় অর্থাৎ ৯৩ মিনিটে দলের পক্ষে চতুর্থ গোল করেন সালেম আল আমরি। তার গোলে বড় জয়ে তিন ম্যাচের তিন জয়ে পয়েন্ট টেবিলে শীর্ষে আছে ইত্তিহাদ।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR